১৬ পাতার সংখ্যা

# কর্মসংস্থান

দাম : ৫ টাকা

www.karmosangsthan.com

Vol. 36 ■ Issue No. 6 ■ 11th February 2023 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

ভর্তি চলছে
NIOS
আপনি কি মাধ্যমিক / H.S ফেল?
NIOS ও রবীন্দ্র মুক্ত থেকে একচান্সে পাশ করুন
BA, MA, B.Sc., M.Sc., B.Lib., M.Lib., B.Ed., M.Ed., D.El.Ed., B.P.Ed., Ph.D
HALDAR GROUP (সোনারপুর) www.haldargroup.org
GOVT. REG. No. : IV-1903-00118/2022 | Counselling 6294181779




## কেন্দ্রে ১০ লাখ শূন্যপদ পূরণ হবে দেড় বছরের মধ্যে

**কোন দফতরে কত শূন্যপদ**

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা** : কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগে আগামী দেড় বছরের মধ্যে পশ্চিমবঙ্গ -সহ সারা দেশে ৯,৭৯,৩২৭টি শূন্যপদ পূরণের প্রতিশ্রুতি দিল কেন্দ্রীয় সরকারের কর্মীবর্গ মন্ত্রকের প্রতিমন্ত্রী জিতেন্দ্র সিংহ। কোন বিভাগে ক'টি শূন্যপদ পূরণ হবে তার হিসাব কেন্দ্রীয় সরকার প্রকাশ করেছে। এই ১০ লাখ শূন্যপদের মধ্যে কয়েকটি বিভাগের শূন্যপদ পূরণের জন্য বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেওয়া হয়েছে। দ্রুত নিয়োগের জন্য কেন্দ্রীয় সরকার দেশের বিভিন্ন প্রান্তে 'রোজগার মেলা' আয়োজন করে সরাসরি প্রার্থীদের হাতে নিয়োগপত্র তুলে দিতে চায়। গত কয়েকটি রোজগার মেলায় চূড়ান্ত সফল প্রায় ১ লাখ প্রার্থীর হাতে নিয়োগপত্র তুলে দেওয়া হয়েছে। প্রতি ৪ মাস অন্তর বিভিন্ন প্রান্তে এই রোজগার মেলা হবে। কোন কোন দফতরে ক'টি শূন্যপদ আছে সেগুলি দেওয়া হল (সম্প্রতি যে যে পদে বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে তাও দেওয়া হয়েছে) : (১) রেলে শূন্যপদ আছে ২,৯৩,৯৪৩ জন। এর মধ্যে রেলওয়ে রিক্রুটমেন্ট সেলের মাধ্যমে গ্রুপ-ডি পদে ১,০৩,৭৬৯টি শূন্যপদ পূরণ করা হবে ২০১৯ সালের এরপর ২ পাতায়

## বি.এস.এফ'এ ১,৪১০ ট্রেডসম্যান

**মাধ্যমিক ছেলেমেয়ের জন্য**

**নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি** : বর্ডার সিকিউরিটি ফোর্সের কমান্ড্যান্ট (রিক্রুটমেন্ট) কে.এস. রানা ৩০ জানুয়ারি এক প্রেস বিজ্ঞপ্তিতে জানান, পশ্চিমবঙ্গ, বিহার, ওড়িশা, অসম, ত্রিপুরা ও সিকিম-সহ সারা রাজ্য থেকে 'কনস্টেবল (ট্রেডসম্যান)' পদে ১,৪১০ জন ছেলেমেয়ে নিয়োগ করা হবে। নেওয়া হবে এইসব ট্রেডে : কবলার, টেলর, কুক, ওয়াটার কেরিয়ার, ওয়াশ্যারম্যান, বারবার, সুই পার, পেইন্টার, ইলেক্ট্রিশিয়ান, ড্রাফটসম্যান, টিনস্মিথ, আপহোলস্টার, পাম্প অপারেটর, ওয়েটার, মালি, খোজি, বুচার, ওয়েটার।

কারা কোন পদের জন্য যোগ্য :

মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা নিচের যে কোনো একটি যোগ্যতা থাকলে আবেদনের যোগ্য : (ক) সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের কাজ করার অভিজ্ঞতা, (খ) আই.টি.আই. / ভোকেশনাল ইনস্টিটিউট থেকে ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ ও সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের অভিজ্ঞতা, এরপর ৫ পাতায়

ICE Academy
WBCS-Special
General Combined
SSC-MTS (২ মাস)
Online ও Classroom
নতুন ব্যাচে ভর্তি চলছে
9804412898
7044517509

## রেলে ৫৫০ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, কাপুরথালা** : রেল কোচ ফ্যাক্টরির কাপুরথালা 'অ্যাপ্রেন্টিস' হিসাবে ৫৫০ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, ওয়েল্ডার, মেশিনিস্ট, পেইন্টার এরপর ৪ পাতায়

## কেন্দ্রীয় সরকারের সেরা সেরা পদে ১,২৫৫ চাকরি

### সিভিল সার্ভিস পরীক্ষার মাধ্যমে ১,১০৫

**নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি** : কেন্দ্রীয় ও রাজ্য সরকারের সেরা সেরা পদে চাকরির জন্য ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশনের '২০২৩ সালের সিভিল সার্ভিসেস পরীক্ষা'র মাধ্যমে ১,১০৫ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

যে কোনো শাখার পাস বা, অনার্স এরপর ৯ পাতায়

### ফরেস্ট সার্ভিস পরীক্ষার মাধ্যমে ১৫০

**নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি** : কেন্দ্রীয় ও রাজ্য সরকারের ফরেস্ট বিভাগে সেরা পদে চাকরির জন্য 'ফরেস্ট অফিসার' পদে ১৫০ এরপর ৫ পাতায়

## ICDS সুপারভাইজর ও WBCS ৩,০৩২ জনের চাকরি হল

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা** : পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নং ০৮/২০১৯'এর আই.সি.ডি.এস.-সুপারভাইজর পদের চূড়ান্ত ফল যথারীতি ৩ ফেব্রুয়ারি প্রকাশিত হল। চূড়ান্ত সফল হয়েছে ২,৯৩১ জন প্রার্থী। মনোনীত প্রার্থীদের নাম, রোল নম্বর, ক্যাটেগরি ও মেধার স্থান জানানো হয়েছে ওই তালিকায়। এই পদে শূন্যপদ ছিল ২,৯৫৪টি। কিন্তু মেধা তালিকা বেরিয়েছে ২,৯৩১জন প্রার্থীর। তালিকায় থাকা সব প্রার্থীই নিয়োগপত্র পাবেন। এরপর ৪ পাতায়

GNM & ANM-2023
ADMISSION OPEN
নার্সিং
এ ভালো Rank করে সরকারি কলেজে ভর্তি হতে হলে যোগাযোগ করুন
অনলাইন আবেদন চলছে : চলবে 13.02.2023 পর্যন্ত
উচ্চমাধ্যমিক পাশ বা অ্যাপিয়ার্ড ছেলে মেয়ে উভয় আবেদন যোগ্য
Arise এর Help Desk 9332942455/7319096716
WB-JEE/NEET-23
এর স্পেশাল ব্যাচে ভর্তির জন্য সত্তর যোগাযোগ করুন -
Arise
achieve your TARGETS
Jexpo/Voclet-23
সরকারী পলিটেকনিক কলেজে ভর্তির প্রস্তুতির জন্য যোগাযোগ করুন
চাকদহ- 8759247008, বারাসাত - 7319096710,
কৃষ্ণনগর - 8759247332, শ্রীরামপুর - 7319096712
• দমদম • নৈহাটি • সোদপুর • হাবড়া • বসিরহাট • রানাঘাট • জাগুলি
• তাহেরপুর • বেথুয়া • বহরমপুর • হাওড়া • কাঁথি • তারকেশ্বর • আরামবাগ
• বর্ধমান • কাটোয়া • কালনা • ব্যান্ডেল • মালদা • বালিগঞ্জ

## সেনাবাহিনীর 'অগ্নিবীর' পদের পরীক্ষা পদ্ধতি বদলাল

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা** : ভারতীয় স্থলবাহিনী 'অগ্নিপথ' স্কিমে 'অগ্নিবীর' পদে অগ্নিবীর (জেনারেল ডিউটি), অগ্নিবীর (টেকনিক্যাল), অগ্নিবীর (টেকনিক্যাল) (অ্যাভিয়েশন অ্যান্ড অ্যামিউনিশন), অগ্নিবীর ক্লার্ক / স্টোরকীপার (টেকনিক্যাল), অগ্নিবীর (ট্রেডসম্যান) পদে এরপর ৪ পাতায়

৮ বাহিনীর
লিখিত পরীক্ষায় কৃতীদের দিয়ে তৈরি মডেল প্রশ্নোত্তর (পুরো ব্যাখ্যা সহ) পেতে যোগাযোগ করুন এই নম্বরে :
9830624170

ভেতরের পাতায় : সিআরপিএফ হেড কনস্টেবল ও অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর ■ ইসরোতে ১০০ অ্যাপ্রেন্টিস ■ DRDO'তে ২৭ অ্যাপ্রেন্টিস

## রাজ্য স্বাস্থ্য দফতরে ২৩৮ স্বাস্থ্যকর্মী

### ৯২ নার্স, অ্যাসিস্ট্যান্ট

**নিজস্ব সংবাদদাতা, শিলিগুড়ি** : শিলিগুড়ি ও দার্জিলিং জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি স্টাফ নার্স ও কমিউনিটি হেলথ এরপর ৪ পাতায়

### ১৪৬ ইন্সট্রাক্টর

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা** : পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক 'ক্লিনিক্যাল ইন্সট্রাক্টর' পদে ১৪৬ জন এরপর ৪ পাতায়

## হিন্দুস্তান পেট্রোলিয়মে ১১৬ ইঞ্জিনিয়ার

**নিজস্ব সংবাদদাতা** : হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেনি' পদে ১১৬ জন লোক নিচ্ছে।

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস : সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, এরপর ২ পাতায়

## ৩৪ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি** : কেন্দ্রীয় সরকারি সংস্থা ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ডি.আর.ডি.ও.)'এর অধীন ইনস্টিটিউট অফ নিউক্লিয়ার মেনিসিন অ্যান্ড অ্যালায়েড সায়েন্সেস ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস ও গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস হিসাবে এরপর ৪ পাতায়

## ৬০ টেকনিশিয়ান

**নিজস্ব সংবাদদাতা, মুম্বাই** : হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেডের মুম্বাই রিফাইনারি 'অ্যাসিস্ট্যান্ট প্রসেস টেকনিশিয়ান' ও 'অ্যাসিস্ট্যান্ট বয়লার টেকনিশিয়ান' পদে ১২০ জন লোক নিচ্ছে। কারা এরপর ২ পাতায়

কলকাতা আন্তর্জাতিক পুস্তক মেলা স্টল নং-৪৮৭, গেট নং-১
WBCS (EXE.) PRELIMINARY 21 YEARS QUESTION BANK (Bengali Version)
A.N.M (R) & G.N.M Guide Book 7700 MCQ Category-1 & Category-2
JENPAS - UG অধ্যায়ভিত্তিক আলোচনা ও 14000+ Chapterwise MCQ
জেনারেল নলেজ এনসাইক্লোপিডিয়া - 2023
জেনারেল নলেজ 22000 MCQ 2023
WBCS প্রিলিমিনারী প্র্যাকটিস সেট 25 Sets
INDIAN POLITY & CONSTITUTION ENCYCLOPEDIA (English Version)
Chapterwise Solved Pre. Years' Exam Questions upto 2022
তপতী® পাবলিশার্স
৯/৪ টেমার লেন, কোলকাতা-৯ e.mail: tapatipublishers@gmail.com
Our Books Now Available on Amazon and Flipkart
SSC মাল্টিটাস্কিং স্টাফ, হাবিলদার (Bengali Version) 2023
অঙ্গনওয়াড়ী কর্মী ও গ্রামসেবিকা (মডেল প্রশ্নোত্তর)
ভারতীয় সংবিধান ও রাজনীতি 6000+ MCQ (With Explanation)
WBCS (MAINS) আবশ্যিক পত্র (বাংলা ও ইংরাজি) 68 Practice set
MISSION I'MPOSSIBLE Mock Test Series for WBCS Exam. (Preli.) English Version (With Explanation) 89 Set
ইতিহাস MCQ (8000+) - 2023
বিগত পরীক্ষার অধ্যায়ভিত্তিক MCQ প্রশ্নের সমাধান
EPH EDVICON® PUBLISHING HOUSE
9/4 Tamer Lane, Kolkata - 700 009 // E.mail: edviconpublishing@gmail.com
Our Books Now Available on Amazon and Flipkart

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন, কলকাতা - ৭০০ ০১৯
হেল্প লাইন
☎ : ৯৮৩০৬২৪১৭০
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

## স্কুল-কলেজ-শিক্ষা

**Flylink হোটেল স্কুল**
সার্টিফিকেট, ডিপ্লোমা, ডিগ্রি কোর্সে ভর্তি চলছে। কোর্স শেষে 5 স্টার হোটেল ও বিদেশে প্লেসমেন্ট। M : 8420227569. fshm.co.in
D

## স্কুল-কলেজ-শিক্ষা

**MATH PLUS**
T. K. Mitra (25 Yrs. expd) any Comp. Exam (80%+ Score with shortcut tips) at Dum-Dum & Rishra - 9123846235
SH(A)

**সার্ভে ট্রেনিং (আমিন প্রশিক্ষণ)**
পরিচালনায় - দৌলতাবাদ শ্রী রামচন্দ্র সার্ভে ট্রেনিং সোসাইটি (গভঃ রেজিঃ) Ph : 8017052685. ২৭তম শিক্ষাবর্ষে এপ্রিল-মার্চ সেশনে সপ্তাহে ১ দিন শনি-রবি ভর্তি চলিতেছে। প্রশিক্ষণ কেন্দ্র : মুকুলিকা স্কুল, ফতেপুর, ডায়মণ্ড হারবার রোড, দঃ ২৪ পরগনা। জেনেক্সট মডেল স্কুল, নিমদীঘি, উলুবেড়িয়া, হাওড়া। অরবিন্দ শিক্ষা কেন্দ্র, সুতাহাটা, পূর্ব মেদিনীপুর। আরোহণ পাবলিক স্কুল, সুচিয়া (পিরতলা), মশাট, হুগলি।
SH

## স্কুল-কলেজ-শিক্ষা

**সাফল্য এডুকেশন সেন্টার**
এখানে খুব যত্ন সহকারে ITI ডিপ্লোমাদের সরকারি চাকরির জন্য পড়ানো হয় (ইলেক্ট্রিক্যাল)। WBSETCL/DCL SAIL, WBPDCL, RAIL পড়ানো হয়। M- 8617773038. সোনারপুর হোস্টেলের সুবিধা। WBPSC JE এর জন্য ভর্তি চলছে।
SH

ফিজিওথেরাপী, অপ্টোমেট্রি, নার্সিং, ECG, X-Ray কোর্সে ভর্তি চলছে। CBMC – 8697893849, 32, Surya Sen Street, Kolkata-9
CM

**হোটেল ম্যানেজমেন্ট**
10 দিনে ওয়ার্কশপ কোর্স করে হাউস কিপিং, ওয়েটার, কিচেন হেল্পার পদে কাজ। মাইনে : 13,000/-, প্লেসমেন্ট সারা ভারতে (বয়স : 18–50). M : 8145273529. fshm.co.in
D

## কর্মখালি

**সরাসরি নিয়োগ**
জেলাভিত্তিক ATM গার্ড, S.V ক্লার্ক, ইনচার্জ ও শপিং-মলে Male কর্মী চাই। বেতন : (13,500–22,500), M : 8961921561
SA

**দমদম ক্যান্টনমেন্ট ব্রাঞ্চে**
250 জন মহিলা কর্মী স্থায়ী পদে শীঘ্র নিয়োগ। বেতন 6-20,000 যোগ্যতা- ৮ম-স্নাতক। M- 8170938146
CM

**DIRECT JOINING**
Govt.R. No- 63751 এয়ারপোর্ট ও ব্যাঙ্কে (৮ম/স্নাতক) 172 M/F কর্মী চাই। (বেতন : 21,700/—52,300/-) থাকা-খাওয়া ফ্রী। Ex-আর্মি স্বাগত - 9474517076
SA

SBI Bank (DSA)-তে spot joining. অফিসিয়াল কাজের জন্য M/F চাই। বেতন: 12K-32K (PF+ESI) নৈহাটি- 9830871269 ব্যারাকপুর/ডানলপ- 9073601388
B

ব্যাঙ্ক DSA Mktg / off অভিজ্ঞ / ফ্রেশার M/F জেলাতে চাই। Civil Engineer প্রাধান্য। 7K-25K + TA / কমিশন। M - 8777858802
CM

## কর্মখালি

**Govt./প্রাইভেট ব্যাঙ্ক-এ**
জেলাভিত্তিক স্মার্ট, বাংলাভাষী M/F (18–36) সরাসরি নিয়োগ। বেতন : INC+OT সহ 14,812/- বেলঘরিয়া (H.O.) 8981331204
D

প্রাইভেট ব্যাঙ্কে স্থায়ী জব — Age: 18-35, HS & Graduate. Salary :14k-22K. নিজ এলাকা। হাওড়া-হুগলি : 9477762102, বনগাঁ-শিয়ালদহ : 9477762101 নৈহাটি-কল্যাণী : 7044520278
R

**জাহাজে ও ডকে জব**
ভারতবর্ষের বিভিন্ন বন্দরে খিদিরপুর, হলদিয়া হইতে আন্দামান M/F নিয়োগ। বেতন: 27,300/--64,700/-. PF, ESI, ছুটি। 9434565153
SA

**নিয়োগ সমাচার**
WBSEDCL-এ কন্ট্রাক্টরের অধীনে জেলাভিত্তিক M/F নিয়োগ চলছে। যোগ্যতা : M.P. - স্নাতক। বেতন : 16,700– 42,800। Ex-Armyদের বিশেষ সুযোগ। Whatsapp – C.V পাঠান। Mob : 8537948389
SA

**ব্যাঙ্কে Urgent Vacancy**
বিনা ডোনেশনে অনলাইন-এর মাধ্যমে সরাসরি নিয়োগ। ব্যাঙ্কে M/F চাই। যোগ্যতা : ৮ম-স্নাতক। Salary : 18,500–45,500/-. বিস্তারিত জানতে সত্বর যোগাযোগ করুন M : 9046463297
SA

## কর্মখালি

**জরুরী বিজ্ঞপ্তি**
কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট যাত্রীদের খাবার প্যাকিং ও অফিসিয়াল পদে M/F কর্মী নিয়োগ চলছে। বেতন : 18200/- –32500/-, M : 8902039130
SA

**এয়ারপোর্ট ও ব্যাঙ্ক**
Govt. লাইসেন্সপ্রাপ্ত Bank, এয়ারপোর্টে অষ্টম-স্নাতক M/F কর্মী চাই। বেতন : 22,000/-- 45,700/-. PF, ESI, OT, থাকা-খাওয়া ফ্রি। M : 8902859560
SA

**প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব**
L.C No- WB53K76 পঃ বাংলার 23টি জেলায় Pvt. Bank DSA-তে Back Office এছাড়া যোগ্যতানুযায়ী অন্যান্য পদে ও বিভিন্ন salary-তে 53 জন M/F কে জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। বেতন : 17670/--29650/ ছুটি, বোনাস, ESI, PF অন্যান্য। M : 7602853222
SA

## কর্মখালি

**কাজের সন্ধান**
**প্রাইভেট ব্যাঙ্কে চাকরি**
Govt. Regd. BDBL-006। নতুন কর্মপ্রার্থীদের জন্য প্রাইভেট ব্যাঙ্কে চাকরির সুবর্ণ সুযোগ। 155 জন ছেলে ও মেয়ে নেওয়া হবে। যোগ্যতা : ৮ম পাশ। বেতন : 21700–56400। বয়স : 18 বছর। শিক্ষার যোগ্যতায় পদ ও বেতন পাবে। প্রমোশন আছে। SC, OBC-রা সুবিধা পাবে। যোগাযোগ M : 7478800861
SA

**BANK–AIRPORT**
Govt. Reg.No.-1231; পঃবঙ্গ-সহ উঃবঙ্গের প্রতিটি জেলায় বিনা ডোনেশনে M/F নিয়োগ চলছে। (৮ম-স্নাতক)। বেতন (17000–46000), PF, ESI, BONUS-সহ থাকা-খাওয়া ফ্রি। Ex-Army দের বিশেষ সুবিধা। M : 9433632143
SA

**Urgent Vacancy 2023**
ব্যাঙ্ক DSA-তে স্থায়ী ৩৪৫ জন কর্মী নিয়োগ। যোগ্যতা : অষ্টম থেকে স্নাতক। বেতন : ১৮,৫০০ থেকে ৩৫,৫০০, বিশদে জানতে যোগাযোগ করুন - 9046463176
SA

## কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি বিনা ডোনেশনে**
100% জবে গ্যারান্টি। গভঃ কন্ট্রাক্টরের অধীনে উঃবঙ্গ সহ দক্ষিণ বঙ্গে প্রত্যেকটি জেলায় P.V.T ব্যাঙ্ক (D.S.A) ও এয়ারপোর্টে যোগ্যতা অনুযায়ী সরাসরি নিয়োগ চলছে, যোগ্যতা : ৮ম/স্নাতক, বেতন : ১৭,৭৭২-৫৫,০০০। P.F., E.S.I, OT বোনাস ও থাকা খাওয়ার সু-ব্যবস্থা থাকবে। এক্স আর্মিদের সরাসরি নিয়োগ চলছে। 7384115087
SA

## দোহাই, আর ঠকবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা প্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগেই।

— সম্পাদক, **কর্মসংস্থান**

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

## কেন্দ্রে ১০ লাখ শূন্যপদ

১ পাতার পর

পরীক্ষার মাধ্যমে (যার শারীরিক সক্ষমতার পরীক্ষা চলছে)। এন.টি.পি.সি. নন-টেকনিক্যাল পদে ৩৫ হাজার শূন্যপদ পূরণ করা হবে (যার প্রার্থী বাছাই পরীক্ষা চলছে)। বাকি শূন্যপদে নিয়োগ হবে আগামী দেড় বছরের মধ্যে। (২) ডাক বিভাগে শূন্যপদ আছে ৯০,০৫০টি। এর মধ্যে প্রায় গ্রামীণ ডাক সেবক পদে ৪১ হাজার শূন্যপদের বিজ্ঞপ্তি বেরিয়েছে। সম্প্রতি দরখাস্ত নেওয়া চলছে। (৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকে শূন্যপদ আছে ১,৪৩,৫৩৬টি। (৪) অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিসে শূন্যপদ আছে ২৫,৯৩৪টি। (৫) প্রতিরক্ষা সংস্থায় শূন্যপদ আছে ২,৬৪,৭০৬টি, যা পূরণ হবে স্টাফ সিলেকশন কমিশনের ৮ কেন্দ্রীয় বাহিনীর পরীক্ষার মাধ্যমে আর আর্মি, নেভি, এয়ারফোর্স, বি.এস.এফ., সি.আই.এস.এফ., সি.আর.পি.এফ. ইত্যাদি সংস্থায় বিভিন্ন পরীক্ষার মাধ্যমে (অগ্নিবীর-সহ)। (৬) রেভেনিউ বিভাগে শূন্যপদ আছে ৮০,২৪৩টি। (৭) জল সম্পদ, নদী উন্নয়ন ও গঙ্গা সংরক্ষণ প্রকল্পে শূন্যপদ আছে ৭,৪৩,৯৭৪টি। এছাড়াও শূন্যপদ আছে অ্যাগ্রিকালচার বিভাগে ২,২১০টি, ফিশারি ও অ্যানিম্যাল বিভাগে ১,৮৪২টি, পারমাণবিক শক্তি দফতরে ৯,৪৬০টি, সিভিল অ্যাভিয়েশনে ৯১৭টি, বাণিজ্য বিভাগে ২,৫৮৫টি, সংস্কৃতি দফতরে ৩,৭৮৮টি, আর্থ সায়েন্সে ৩,০৪৩টি, পরিবেশ ও বনবিভাগে ২,৩০২টি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগে ১,৭৬৯টি, ইনফর্মেশন ও ব্রডকাস্টিংয়ে ২,০৪১টি, শ্রম ও কর্ম দফতরে ২,৪০৮টি, মাইন্সে ৭,০৬৩টি, সায়েন্স ও টেকনোলজি বিভাগে ৮,৪৫৩টি। এছাড়াও আরো অন্যান্য বিভাগে শূন্যপদ আছে। ওপরের সব পদের জন্য নিয়োগ প্রক্রিয়া শেষ হবে আগামী দেড় বছরের মধ্যে। সম্প্রতি কয়েকটি পদের বিজ্ঞপ্তি বেরিয়েছে। অন্যান্য পদের বিজ্ঞপ্তি বেরোলে যথাসময়ে 'কর্মসংস্থানে' দেওয়া হবে।

## ৬০ টেকনিশিয়ান

১ পাতার পর

কোন পদের জন্য যোগ্য :
**সিরিয়াল নং 1 : অ্যাসিস্ট্যান্ট প্রসেস টেকনিশিয়ান** : কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্সে পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ৩০টি।
**সিরিয়াল নং 2 : অ্যাসিস্ট্যান্ট বয়লার টেকনিশিয়ান** : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্সে পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। প্রথম শ্রেণির বয়লার কম্পিটেন্সি সার্টিফিকেট পাশ হতে হবে। শূন্যপদ : ৭টি।
**সিরিয়াল নং 1 : অ্যাসিস্ট্যান্ট ফায়ার অ্যান্ড সেফটি অপারেটর** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা বেসিক ফায়ার ফাইটিং কোর্সে পাশ হলে যোগ্য। নাগপুরের ফায়ার কলেজ থেকে সাব-অফিসার কোর্সে পাশ হলেও যোগ্য। মোট অন্তত ৬০% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে ফায়ার অ্যান্ড সেফটির ডিপ্লোমা কোর্সে পাশ হলে আর ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে যোগ্য। শূন্যপদ : ১৮টি।
**সিরিয়াল নং 1 : অ্যাসিস্ট্যান্ট মেন্টেন্যান্স টেকনিশিয়ান (ইলেক্ট্রিক্যাল)** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইলেক্ট্রিক্যাল বা, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্সে পাশরা যোগ্য। উচ্চমাধ্যমিক পাশরা বেসিক ফায়ার ফাইটিং কোর্সে পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৫টি।
সব পদের বেলায় বয়স হতে হবে ১-২-২০২৩'র হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। পারিশ্রমিক মাসে ৪৫,০০০ টাকা।
প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। এই পরীক্ষায় থাকবে অবজেক্টিভ টাইপের প্রশ্ন এই ২টি পার্টে : (১) জেনারেল অ্যাপ্টিটিউড টেস্ট (ইন্টেলেকচুয়াল প্রোটেনশিয়াল টেস্ট, লজিক্যাল রিজনিং, ডাটা ইন্টারপ্রিটেশন, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড টেস্ট ও ইংলিশ ল্যাঙ্গোয়েজ), (২) টেকনিক্যাল / পেশাগত জ্ঞান (প্রশ্ন হবে শিক্ষাগত যোগ্যতার ওপর)। পরীক্ষা হবে পূর্ব ভারতে কলকাতায়। সফল হলে স্কিল টেস্ট।
দরখাস্ত করবেন অনলাইনে, ২৫ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.hindustanpetroleum.com, www.hpclcareers.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান (৪০ কে.বি.'র বেশি হবে না, এর মধ্যে ফটো ৩০ কে.বি. ও সিগনেচার ১০ কে.বি. হতে হবে) করে নিয়ে যাবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫৯০ (তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ১১৬ ইঞ্জিনিয়ার

১ পাতার পর

ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন, কম্পিউটার সায়েন্স, আই.টি, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্সে পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি., প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিংয়ে সময় স্টাইপেন্ড মাসে ২৫,০০০ টাকা। শূন্যপদ : ৮৬টি।
**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস** : সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন, কম্পিউটার সায়েন্স, আই.টি, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্সে পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি., প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিংয়ে সময় স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা। শূন্যপদ : ৩০টি।
সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-২-২০২৩'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এরপর ইন্টারভিউ হবে জানুয়ারিতে।
প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম রেজিস্ট্রেশন করতে হবে, ১২ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : http://portal.mhrdnats.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান (৪০ কে.বি.'র বেশি হবে না, এর মধ্যে ফটো ৩০ কে.বি. ও সিগনেচার ১০ কে.বি. হতে হবে) করে নিয়ে যাবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

**Join us, be a Competent Lawyer**



- Top Notch Faculty
- Eligibility: Graduation
- No Age Limit
- 100% Success
- Hostel Facility available
- R & D Dept.
- Placement Assistance & Campusing
- W.B. Students Credit Card Scheme Facility Available

**3 Year LL.B. DEGREE**

Affiliated to : **Vidyasagar University**

Approved by: **Bar Council of India**

# MIES R.M. Law College

**Sonarpur Campus**
Sahebpara, Near SBI, Nr. Stn. Kol-150
For details: visit Campus

Call : 2428 3510/9681981613
8420005904
www.mies-lawcollege.com
mies.rm.lawcollege@gmail.com

## School Service (SLST) -এ জাতীয় মানের শ্রেষ্ঠ ট্রেনিং

1st Sans(P) Tanmoy Hait, Bagnan
1st Philo Mithun Kr. Das, Sonarpur
2nd Hist(H) Kamalika Sarkar, Bhowanipur
3rd Pure Sc Aparajita Majumdar, Noapara
2nd Eng (P) Sayari Sinha, Bangur
2nd Educa Arpita Patra, Santragachi
2nd Pure.Sc Amitava Rano, Beldanga
1st Eng(P) Debarshini Basu, Behala
1st Chem(H) Sanjib Ghosh, Goghat
2nd Philo Joyita Banerjee, Chetla
1st Beng(H) Suparna Santra, Kanandi
1st Sans(P) Debashis Gupta, Raina
1st Bio(H) Kajari Basu Mullick, Hatkhola
1st PureSc Sudipta Lahiri, Baranagar
1st Eco(H) Deblina Choudhuri, Konnagar
1st Eng(P) Vikash Kr. Choudhury
2nd Pure Sc chismita Das, Nabapally
2nd Debduti Mu..., Hooghly



**Best Training** ★★★
Unique Short cut Method শিখে এবং দ্রুত উত্তর করার পদ্ধতি করায়ত্ত করতে আজই যোগাযোগ করুন মাইস-এর নিম্নে উল্লেখিত Centre গুলিতে।

## WBCS পরীক্ষার প্রস্তুতির সেরা প্রশিক্ষণ কেন্দ্র মাইস

মাইস থেকে প্রস্তুতি মানে Top Rank করার সুযোগ

**ICDS Supervisor 2019 & PSC Clerk 2019 Exam রেকর্ড সফলতা**
অগনিত সফল পরীক্ষার্থীদেরমধ্যে কয়েকজন-

সাফল্যের মাইস সংখ্যায় পশ্চিমবঙ্গে No 1

PSC ... 2018 Soumi Chaudhury, Panchasaya
PSC ... Anwesha Ganguly, Behala
ICDS SUP 2019 Malabika Mridha, Kalikapur
ICDS ... 2019 Nilanjana Barman, Sonarpur
ICDS SUP 2019 Poulami Jana, Dum Dum
ICDS SUP 2019 Roshni Dutta, Sonarpur
ICDS SUP 2019 Pooja Mondal, Garia
ICDS SUP 2019 Marufa Sultana, Howrah
ICDS SUP 2019 Soumita Mondal, Howrah
PSC Clerk 2019 Tapajyoti Dutta, Shyampukur
ICDS SUP 2019 Payel Chowdhury, Ganguly Bagan
ICDS SUP 2019 Nibedita Kabiraj, Jadavpur
ICDS SUP 2019 Malabee Roy, Kestopur
ICDS SUP 2019 Priyanka Saha, Chakda
ICDS SUP 2019 Tribeni Roy, Diamond Harbour
ICDS SUP 2019 Saheli Das, Ultadanga
ICDS ... 2019 Tumpa Kundu, Bagdah
ICDS SUP 2019 Sriparna Maitra, Birati
WBCS Tanmay Dhali, Behala
PSC Clerk 2019 Tanushri Singh, Kestopur
RRB NTPC Sayan Chatterjee, Behala
ICDS SUP 2019 Anita Bera, Behala
ICDS SUP 2019 Mita Saha, Behala
ICDS SUP 2019 Madhusree Bairagi, Nodakhali
ICDS SUP 2019 Manjushree Pramanik, Nodakhali
ICDS SUP 2019 Kangka Mondal, Behala
ICDS SUP 2019 Sriparna Mal, Sonarpur
PSC Clerk 2019 Anirban Halder, Baruipur
WBCS Rupsa Ghoshal, Behala
WBCS Riddhi Chakraborty, Behala
PSC Clerk 2019 Poulami Basu, Kalikapur
PSC Clerk 2019 Joydeep Ghosh, Howrah
PSC Clerk 2019 Subhajit Bandhapadhayay, Serusna
PSC Clerk 2019 Kushalc Chakraborty, Serampur
PSC Clerk 2019 Manisha Sarkar, Noapara
PSC Clerk 2019 Payel Chowdhury, Ganguly Bagan
Poulami Basu, Kalirpur
PSC Clerk 2019 Rupa Saha, Birati

দীর্ঘ ২৭ বছরে সারা পশ্চিমবঙ্গে লক্ষ লক্ষ ছাত্রছাত্রীদের সরকারী চাকরি পেতে সাহায্য করে আসছে 'মাইস'। উন্নত পরিকাঠামো, অত্যাধুনিক পদ্ধতিতে ট্রেনিং, নিবিড় অনুশীলন ছাত্রছাত্রীদের সাফল্যের অন্যতম চাবিকাঠি, যা মাইসকে সাফল্যের শিখরে পৌঁছাতে সাহায্য করেছে।

**SSC (CGL, CHSL, MTS), PSC, Rail, Bank, LIC, FCI-এর course এ Best Training এর জন্য ভর্তি চলছে মাইস-এর সব Centre এ।**

Avail **25% Discount** Up to 15th Feb '23

**New Address CHINSURAH**
Akhan Bazar, Crooked Lane
Beside INDIAN OVERSEAS BANK, ঘড়ি মোড়
For Details Information
8420499717, 9007101828

**New Centre opening soon Krishnanagar**
Booking your seat, Contact
9123367837, 9007101828

Avail Scholarship on WBCS Course

**MIES** ISO 9001 : 2008
www.miesgroup.com

Direct Effecitive এবং Common যোগ্য Study Materials.
- Best Short Cut Method
- Audio Visual System
- বিশিষ্ট শিক্ষাবিদদের তত্ত্বাবধানে R & D Dept.
- লক্ষ লক্ষ প্রশ্ন উত্তরের Questoin Bank.

Upper Primary & School Service (SLST) -এর ১৮ টি বিষয় এবং PET-এর জন্য সব সেন্টারে ভর্তি চলছে, NewSyllabus -এর নির্ধারিত পরীক্ষার চূড়ান্ত প্রস্তুতি শুরু হচ্ছে। পশ্চিমবঙ্গের হাজার হাজার পরীক্ষার্থী যুক্ত হচ্ছে MIES-এর Centre গুলিতে।

| H.O.: SONARPUR | City Centre: SEALDAH | BARASAT | BEHALA |
|---|---|---|---|
| Sahebpara, Near Union Bank Kolkata - 700 150 Ph.: 2434 6671 8420005904 | 2A, M.G. Road, Beside Flyover, Kolkata - 700 009 Ph.: 23606127 8420005903 | 7KNC Rd., Kol - 124 Nr. Platform No. 1, Ph.: 25844968 9123367837 | Chowrasta Crossing, Near Bandan Bank, Kol - 8 Ph.: 24458183 8420005906 |

POSTAL কোর্স-এ ভর্তি চলছে মাইস-এর সব সেন্টারে 9123367837, 8420005904

W.B. Students Credit Card Scheme Facility Available

Franchisee Enquiry মালদা, বর্ধমান, কল্যাণী, ডায়মন্ডহারবার সহ গুরুত্বপূর্ণ জনবহুল এলাকার জন্য কমপক্ষে 1500 sqft এবং আর্থিক সঙ্গতিপূর্ণরা যোগাযোগ করুন : 9331040169 9007101828

## রেলে ৫৫০ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

(জেনারেল), কার্পেন্টার, ইলেক্ট্রিশিয়ান বা, এ.সি. অ্যান্ড রেফ্রিজারেটর মেকানিক। কারা কোন ট্রেডের জন্য যোগ্য।

কোনো স্বীকৃত পর্ষদ বা, বিশ্ববিদ্যালয় থেকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা এন.সি.ভি.টি.'র অনুমোদিত আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন।

ওপরের ওইসব ট্রেডে আই.টি.আই. কোর্স পাশ না হলে আবেদন করবেন না। বয়স হতে হবে ৩১-৩-২০২৩'এর হিসাবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সব ট্রেডই ১ বছরের। কোন ট্রেডে ক'টি শূন্যপদ : ফিটার ২১৫টি (জেনাঃ ১০৯, তঃজাঃ ৩২, তঃউঃজাঃ ১৬, ও.বি.সি. ৫৮)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই) ২৩০ (জেনাঃ ১১৬, তঃজাঃ ৩৫, তঃউঃজাঃ ১৭, ও.বি.সি. ৬২)। মেশিনিস্ট ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। পেইন্টার (জেনারেল) ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। কার্পেন্টার ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। ইলেক্ট্রিশিয়ান ৭৫টি (জেনাঃ ৩৮, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ২০)। এ.সি. অ্যান্ড রেফ্রিজারেশন মেকানিক ১৫টি ৫টি (জেনাঃ ৮, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪)। এই পদের বিজ্ঞপ্তি নং : A-1/2023, Dated 03.02.2023.

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইন ও ১৯৬২ সালের অ্যাপ্রেন্টিস নিয়মানুযায়ী ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন। হস্টেল নেই। ট্রেনিং শেষে চাকরি পাওয়ার সম্ভাবনা থাকলেও কোনো বাধ্যবাধকতা নেই।

মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে ও আই.টি.আই. কোর্স পাশের সার্টিফিকেট ও অন্যান্য প্রমাণপত্র দেখে প্রাথমিকভাবে বাছাই প্রার্থীদের শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। কোনো লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউ হবে না। উচ্চ শিক্ষাগত যোগ্যতা থাকলে বাড়তি কোনো সুযোগ পাবেন না। মোট শূন্যপদের ১.২৫ গুণ প্রার্থীকে ডাকা হবে। দরখাস্ত করবেন অনলাইনে, ৪ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.rcf.indianrailways.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এজন্য পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না। দরখাস্ত করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ১৪৬ ইন্সট্রাক্টর

১ পাতার পর

ছেলেমেয়ে নিচ্ছে। নার্সিংয়ের এম.এসসি. কোর্স পাশরা যোগ্য। নার্সিংয়ের বি.এসসি. কোর্স পাশরা পশ্চিমবঙ্গ জেনারেল সার্ভিস বা, পশ্চিমবঙ্গ নার্সিং সার্ভিসে অন্তত ৫ বছর কাজের অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১-১-২০২৩'এর হিসাবে ৫০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৮০০-৯২,১০০ টাকা। শূন্যপদ : ১৪৬টি (জেনাঃ ৭৭, তঃজাঃ ৩২, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. -এ ক্যাটেগরি ১৫, ও.বি.সি. -বি ক্যাটেগরি ৯, প্রতিবন্ধী ৪)। এই পদের বিজ্ঞপ্তি নং : R/Clinical Instructor-Lateral, GCON/1/2023, Dated: 31.01.2023.

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। তারপর হবে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ২০ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.wbhrb.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ২১০ টাকা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন জি.আর.পি.এস.-এ এই শিরোনামে : GRPS (Govt. Receipt Portal System), Govt. of West Bengal at the Government Receipt Head of Account : '0051-00-104-002-16'. তপশিলীদের ফী লাগবে না। এরপর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করবেন। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ৯২ নার্স, অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

অ্যাসিস্ট্যান্ট পদে ৯২ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**স্টাফ নার্স (এস.এম.সি.) :** জি.এন.এম. কোর্স পাশরা পশ্চিমবঙ্গ বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকলে যোগ্য। বি.এসসি. নার্সিং কোর্স পাশরাও যোগ্য। পশ্চিমবঙ্গ রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২৫,০০০ টাকা। শূন্যপদ : ২২টি (জেনাঃ ১২, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ২, ও.বি.সি.-বি ক্যাটেগরি ২)।

**স্টাফ নার্স (এন.ইউ.এইচ.এম.) :** জি.এন.এম. কোর্স পাশরা পশ্চিমবঙ্গ বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকলে যোগ্য। বি.এসসি. নার্সিং কোর্স পাশরাও যোগ্য। পশ্চিমবঙ্গ রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২৫,০০০ টাকা। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১)।

**কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট-আরবান (এন.ইউ.এইচ.এম.) :** রাজ্য নার্সিং কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এ.এন.এম. বা, জি.এন.এম. কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বাংলা ভাষায় ভাষায় জ্ঞান থাকলে যোগ্য। মালদা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৩,০০০ টাকা। শূন্যপদ : ৪৪টি (জেনাঃ ২৪, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৪, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৬, ও.বি.সি.-বি ক্যাটেগরি ৪)।

**কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট-আরবান (এস.এম.সি.) :** রাজ্য নার্সিং কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এ.এন.এম. বা, জি.এন.এম. কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বাংলা ভাষায় ভাষায় জ্ঞান থাকলে যোগ্য। মালদা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৩,০০০ টাকা। শূন্যপদ : ২০টি (জেনাঃ ৯, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ২, ও.বি.সি.-বি ক্যাটেগরি ২)।

সব ক্ষেত্রে বয়স গুণতে হবে ১-১-২০২৩'র হিসাবে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের মেমো নং : 196 /DH&FWS/SLG/23, dated 31.01.2023.

প্রার্থী বাছাই হবে টেস্ট বা ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ২৩ ও ২৪ ফেব্রুয়ারি। এই ঠিকানায় : Office of the Chief Medical Officer of Health, Darjeeling & District Health & Family Welfare Samiti, Siliguri Mahakuma Parishad Building (2nd Floor), Hakimpara, Landmark -Near Bhutia Market, Siliguri-734 001. তখন সঙ্গে নিয়ে যাবেন যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত নকল আর পূরণ করা দরখাস্তের ফর্ম। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইট : www.wbhealth.gov.in, www.darjeeling.gov.in

## সেনাবাহিনীর 'অগ্নিবীর'

১ পাতার পর

নিয়োগ প্রক্রিয়ার আমূল বদল হল। এবার থেকে অগ্নিবীর পদের জন্য প্রথমে অনলাইন 'কমন এন্ট্রান্স এক্সামিনেশন (সি.ই.ই.)' দিতে হবে। এই পরীক্ষায় সফল হলে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। তাতে সফল হলে ডাক্তারি পরীক্ষা।

এতদিন পর্যন্ত এইসব পদে প্রথমে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা দিতে হত। তাতে সফল হলে লিখিত পরীক্ষা হত। তারপর হত ডাক্তারি পরীক্ষা।

অনলাইন কমন এন্ট্রান্স টেস্ট হবে সারা ভারতের প্রায় ২০০টি অনলাইন পরীক্ষা কেন্দ্রে। ৬০ মিনিটের পরীক্ষায় প্রশ্ন হবে এম.সি.কিউ. টাইপের। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। অগ্নিবীর (জেনারেল ডিউটি) পদে ৫০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ -১৫টি, (খ) জেনারেল সায়েন্স -১৫টি, (গ) অঙ্ক -১৫টি, (ঘ) লজিক্যাল রিজনিং - ৫টি।

অগ্নিবীর ক্লার্ক ও স্টোরকীপার টেকনিক্যাল পদে ৫০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ -৫টি, (খ) জেনারেল সায়েন্স -৫টি, (গ) অঙ্ক -১০টি, (ঘ) কম্পিউটার সায়েন্স -৫টি, (ঙ) জেনারেল ইংলিশ -২৫টি।

অগ্নিবীর (টেকনিক্যাল) পদে ৫০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ -৫টি, (খ) ফিজিক্স -১৫টি, (গ) অঙ্ক - ১৫টি, (ঘ) কেমিস্ট্রি -১০টি, (ঙ) লজিক্যাল রিজনিং - ৫টি।

৪ বছরের চুক্তিতে কাজ করতে হবে। শুরুতে ৬ মাসের মিলিটারি ট্রেনিং। ট্রেনিং চলার সময় স্টাইপেন্ড পাবেন। প্রথম বছর মাইনে পাবেন মাসে ৩০,০০০ টাকা। দ্বিতীয় বছর মাসে ৩৩,০০০ টাকা। তৃতীয় বছর মাসে ৩৬,৫০০ টাকা। চতুর্থ বছর মাসে ৪০,০০০ টাকা।

এছাড়াও অগ্নিবীরদের নন-কন্ট্রিবিউটারি স্কিমে ৪৮ লাখ টাকার জীবন বিমা করিয়ে দেওয়া হবে। মৃত্যুকালীন দুর্ঘটনা হলে প্রায় ১ কোটি টাকা দেওয়া হবে। শরীরের ৭৫% ক্ষতি হলে ২৫ লাখ আর ৫০% ক্ষতি হলে ১৫ লাখ টাকা পাবেন। সেইসঙ্গে রিস্ক, হার্ডশিপ, রেশন, পোশাক, ভ্রমণ ভাতা দেওয়া হবে। এছাড়াও বছরে ৩০ দিন ছুটি থাকবে। সেইসঙ্গে মেডিক্যাল লিভ-ও পাওয়া যাবে।

৪ বছর চাকরি করার পর ২৫% প্রার্থীকে পরীক্ষা দিয়ে ১৫ বছরের চাকরির জন্য কেন্দ্রীয় সরকারের স্থায়ী পদে নিয়োগ করা হবে জুনিয়র কমিশন্ড অফিসার বা, অন্য র‍্যাঙ্কে। তখন রেগুলার কর্মীর মতো পেনশনও পাবেন। বাকি ৭৫% কর্মীকে 'অগ্নিবীর স্কিল সার্টিফিকেট' দিয়ে চাকরি থেকে ছুটি দেওয়া হবে। তখন নিজের প্রাপ্য অগ্নিবীর করপাস ফান্ডের টাকা আর সরকারের দেওয়া করপাস ফান্ডের টাকা মিলিয়ে (সুদ-সহ) মোট প্রায় ১১ লাখ ৭১ হাজার টাকা এককালীন (এই প্যাকেজের নাম দেওয়া হয়েছে 'সেবা নিধি') দেওয়া হবে যা, আয়করে ছাড় দেওয়া হবে। এই সার্টিফিকেট দিয়ে অন্য কোনো সংস্থায় চাকরি পেতে পারেন কিংবা দ্বিতীয়বার কেরিয়ার তৈরির জন্য ব্যবসা করতে ঋণ পেতে পারেন। কোনো গ্র্যাচুইটি ও পেনশন নেই।

অগ্নিবীর পদের বিজ্ঞপ্তি খুব শিগগিরই বেরোবে। দরখাস্ত করতে হবে অনলাইনে। প্রার্থীদের প্রথমে নাম রেজিস্ট্রেশন করতে হবে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in কবে থেকে নাম রেজিস্ট্রেশন শুরু হবে তা ওয়েবসাইটে জানানো হবে।

## ICDS সুপারভাইজার ও WBCS পরীক্ষায়

১ পাতার পর

মেন পরীক্ষায় পাওয়া নম্বর ও ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখে মেধা তালিকা তৈরি হয়েছে। সাধারণ প্রার্থীদের সর্বনিম্ন কোয়ালিফাই নম্বর হয়েছে ২৮৯, ও.বি.সি.-এ ক্যাটেগরিতে ২৪৮, ও.বি.সি.-বি ক্যাটেগরিতে ২৭৬, তপশিলী জাতি ২৫০, তপশিলী উপজাতি ২০১, মেধাবী খেলোয়াড় ১৮০, দৃষ্টিহীন প্রতিবন্ধী ১১৩, বধির প্রতিবন্ধী ১৮০, অস্থি প্রতিবন্ধী ২২৪।

সফল প্রার্থীদের এরপর সার্টিফিকেট ভেরিফিকেশন, পুলিশ ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা হবে। এই পদের মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৬০০ টাকা। শুরুতে মাইনে পাবেন মাসে প্রায় ৩৫,০০০ টাকা। পি.এস.সি. সূত্রে খবর, মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মতোই আরো একটি ওয়েটিং তালিকা বেরোতে পারে। মূল তালিকায় থাকা কোনো প্রার্থী যদি চাকরিতে জয়েনিং না করে তাহলে সেই শূন্যপদ পূরণের জন্য ওয়েটিং তালিকা বের করা হয়। অনেক অসফল প্রার্থী মনে করছেন, সম্প্রতি পি.এস.সি. ক্লার্কশিপ, মিসলেনিয়াস সার্ভিসেস, ডব্লু.বি.সি.এস. ইত্যাদি পদের ফল প্রকাশিত হয়েছে। অনেক প্রার্থীর নাম উভয় তালিকাতেই আছে। তাই তাঁরা জয়েনিং নাও করতে পারে। সেজন্য অসফল প্রার্থীদের আশা আরো তালিকা বেরোলে ভালো হয়।

প্রসঙ্গত উল্লেখ্য, ২০১১ সালের পর ২০১৯ সালে ২,৯৫৪টি শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া হয়েছিল। যে কোনো শাখার গ্র্যাজুয়েট তরুণীরা ৩৯ বছরের মধ্যে বয়স হলে আবেদন করতে পারেন। পশ্চিমবঙ্গের তপশিলী সম্প্রদায়ের প্রার্থীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর ও দৈহিক প্রতিবন্ধীরা ৬ বছর বয়সে ছাড় পাবেন। প্রার্থী বাছাই করছিল পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন। 'Examination for Recruitment to the post of Supervisor (Female only), of ICDS, 2019 under the Department of Women & Child Development & Social Welfare, Govt. of West Bengal'এর মাধ্যমে। এজন্য প্রথমে প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্ট হয়েছিল ২০১৯ সালের ১ সেপ্টেম্বর, রবিবার। তারপর মেন পরীক্ষা হয়ে ইন্টারভিউ হয়েছিল ২০২২ সালের আগস্ট থেকে ডিসেম্বর মাস পর্যন্ত।

### ডব্লু.বি.সি.এস. 'এ' ও 'বি' গ্রুপে ১০১ জনের চূড়ান্ত ফল বেরোল

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০২০ সালের ডব্লু.বি.সি.এস. (এক্সিকিউটিভ) পদের 'গ্রুপ-এ' ও 'গ্রুপ-বি' পদের চূড়ান্ত ফল ২ ফেব্রুয়ারি প্রকাশিত হল। 'এ' গ্রুপে সফল হয়েছে ৭৭ জন প্রার্থী। এর মধ্যে ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ) পদে মনোনীত হয়েছে ৩০ জন প্রার্থী, ওয়েস্ট বেঙ্গল রেভেনিউ সার্ভিসে মনোনীত হয়েছে ৩৪ জন প্রার্থী। ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সার্ভিসে মনোনীত হয়েছে ৫ জন প্রার্থী। ওয়েস্ট বেঙ্গল এমপ্লয়মেন্ট সার্ভিসে মনোনীত হয়েছে ৮ জন প্রার্থী। ন্যূনতম কাট অফ নম্বর হয়েছে জেনারেল প্রার্থীদের বেলায় ১১১৭, ও.বি.সি. -এ ক্যাটেগরিতে ১০৭৩.৬৭, ও.বি.সি.-বি ক্যাটেগরিতে ১০৮২, তপশিলী জাতি ৯৯৮, তপশিলী উপজাতি ৯০৯.৬৭, তপশিলী জাতি (এল.ডি. অ্যান্ড সি.পি.) ৯০৯.৩৩, প্রতিবন্ধী (দৃষ্টিহীন) ৯৫০, প্রতিবন্ধী (বধির) ৮৮২.৩৩।

'বি' গ্রুপ, অর্থাৎ ওয়েস্ট বেঙ্গল পুলিশ সার্ভিসে সফল হয়েছে ২৪ জন প্রার্থী। ন্যূনতম কাট অফ নম্বর হয়েছে জেনারেল প্রার্থীদের বেলায় ১১১৩, ও.বি.সি. -এ ক্যাটেগরিতে ১১৪৪.৬৭, ও.বি.সি.-বি ক্যাটেগরিতে ১০৭৫.৩৪, তপশিলী জাতি ১০২২.৩৩, তপশিলী উপজাতি ৯৪৬।

সফল প্রার্থীদের এরপর সার্টিফিকেট ভেরিফিকেশন, পুলিশ ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা হবে। এই পদের মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৬০০ টাকা। শুরুতে মাইনে পাবেন মাসে প্রায় ৩৫,০০০ টাকা। পি.এস.সি. সূত্রে খবর, ২০২২ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলি পরীক্ষার ফল এ মাসেই বেরোবে। তারপর ২০২৩ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলি. পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোবে।

## ৩৪ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

৩৪ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস :** পলিটেকনিক থেকে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, মেডিক্যাল ল্যাব টেকনোলজি, মডার্ণ অফিস প্রাক্টিস / অফিস ম্যানেজমেন্ট ট্রেডের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : ১৬টি। এর মধ্যে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং-৩টি, ইলেক্ট্রিক্যাল-১টি, মেকানিক্যাল-১টি, মেডিক্যাল ল্যাব টেকনোলজি-৪টি, মডার্ণ অফিস প্রাক্টিস / অফিস ম্যানেজমেন্ট-১১টি।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস :** লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি, ফার্মাসির ডিগ্রি কিংবা বায়োলজি / কেমিস্ট্রি /ফিজিক্স /ম্যাথমেটিক্সের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : ১৮টি। এর মধ্যে লাইব্রেরি সায়েন্স ২টি, ফার্মাসি ২টি, বি.এসসি. (বায়োলজি / কেমিস্ট্রি /ফিজিক্স /ম্যাথমেটিক্স)-১৪টি।

ওপরের সব ক্ষেত্রে তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। ১২ মাসের ট্রেনিং। এই পদের বিজ্ঞপ্তি নং : INMAS/HRD/APPR-01/2023-24.

প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে / লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। সার্টিফিকেট ভেরিফিকেশনের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল ও ফর্মের কপি নিয়ে যাবেন।

আগ্রহী প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে। গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ও ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় নাম নথিভুক্ত করবেন, ২২ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.mhrdnats.gov.in, এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## ফরেস্ট সার্ভিস পরীক্ষার মাধ্যমে

১ পাতার পর

জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। নেওয়া হবে ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশনের ২০২৩ সালের **ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস পরীক্ষার** মাধ্যমে।

বটানি, কেমিস্ট্রি, জিওলজি, অঙ্ক, ফিজিক্স, অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, স্ট্যাটিস্টিক্স ও জুলজি বিষয়ের মধ্যে যে কোনো একটি বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। ফরেস্ট্রি, অ্যাগ্রিকালচারাল বা, ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েট ছেলেমেয়েরাও আবেদন করতে পারেন। ওই সব বিষয় নিয়ে এবছরের ডিগ্রি কোর্সের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদন করার যোগ্য। বয়স হতে হবে ১-৮-২০২৩'এর হিসাবে ২১ থেকে ৩২ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-৮-১৯৯১ থেকে ১-৮-২০০২'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সাধারণ প্রার্থীরা ৬ বার, ও.বি.সি.'রা ৯ বার ও তপশিলীরা যতবার খুশি এই পরীক্ষা দিতে পারেন। শূন্যপদ : ১৫০টি। বিজ্ঞপ্তি নং : 06/2023-IFoS dated : 01.02.2023.

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশন। ২০২৩ সালের ফরেস্ট সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে। প্রথমে হবে প্রিলিমিনারি পরীক্ষা, ২৮ মে। এইসব কেন্দ্রে : কলকাতা, শিলিগুড়ি, কটক, গ্যাংটক, রাঁচী, পটনা, দিসপুর (গুয়াহাটি), ত্রিপুরা, আগরতলা, আইজল, শিলঙ ও পোর্ট ব্লেয়ারে। প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের মোট ৪০০ নম্বরের ২টি পেপারের পরীক্ষা হবে। প্রথম পেপারে থাকবে এইসব বিষয় : (১) জাতীয় ও আন্তর্জাতিক বিষয়ের ওপর সাম্প্রতিক ঘটনা, (২) ভারতীয় ইতিহাস ও ভারতের স্বাধীনতা সংগ্রাম, (৩) ভারতীয় ও বিশ্বের ভূগোল — শারীরিক, সামাজিক, অর্থনৈতিক ভূগোল, (৪) ভারতীয় রাষ্ট্রনীতি ও তাৎপর্য — সংবিধান, পলিটিক্যাল সিস্টেম, পঞ্চায়েতী রাজ, পাবলিক পলিসি, অধিকার ইত্যাদি, (৫) অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন — দীর্ঘস্থায়ী উন্নয়ন, দারিদ্র, অন্তর্ভুক্তিকরণ, প্রাকৃতিক বৈচিত্র্য, সামাজিক ক্ষেত্রে উদ্যোগ (৬) পরিবেশগত ভারসাম্য, আবহাওয়ার পরিবর্তন ও জীব বৈচিত্র্য বিষয়ক (৭) সাধারণ বিজ্ঞান।

দ্বিতীয় পেপারে থাকবে এইসব বিষয় : (১) কমপ্রিহেনশন, (২) জনসংযোগ দক্ষতা-সহ ব্যক্তিত্ব দক্ষতা, (৩) লজিক্যাল রিজনিং ও অ্যানালিটিক্যাল এবিলিটি, (৪) সিদ্ধান্ত নেওয়া ও সমস্যার সমাধান, (৫) জেনারেল মেন্টাল এবিলিটি, (৬) বেসিক নিউমারেসি (সংখ্যা ও তার সম্পর্ক, প্রাধিমাংশ) (মাধ্যমিক লেভেল), ডাটা ইন্টারপ্রিটেশন (চার্ট, গ্রাফ, টেবিল, ডাটা সাফিসিয়েন্সি - মাধ্যমিক লেভেল), (৭) ইংলিশ ল্যাঙ্গোয়েজ কম্প্রিহেনশন স্কিল (মাধ্যমিক লেভেল)। প্রতিটি পেপারে ২০০ নম্বরের পরীক্ষা হবে। সময় থাকবে ২ ঘন্টা। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে মোট শূন্যপদের ১২-১৩ গুণ প্রার্থীকে মেন পরীক্ষার জন্য ডাকা হবে। মেন পরীক্ষা হবে নভেম্বরে। মেন পরীক্ষায় থাকবে এই দু'টি আবশ্যিক বিষয় : (১) জেনারেল ইংলিশ, (২) জেনারেল নলেজ। প্রতিটি পেপারে থাকবে ৩০০ নম্বর। এছাড়া ২টি ঐচ্ছিক বিষয় বেছে নিতে হবে, এইসব বিষয় থেকে : বটানি, জুলজি, কেমিস্ট্রি, জিওলজি, অ্যাগ্রিকালচার, অঙ্ক, ফিজিক্স, স্ট্যাটিস্টিক্স, ফরেস্ট্রি, সিভিল, অ্যাগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল, মেকানিক্যাল, অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স। প্রতিটি ঐচ্ছিক বিষয়ে থাকবে দু'টি পেপার। প্রতি পেপারে থাকবে ২০০ নম্বর। মোট এই ১৪০০ নম্বরের লিখিত পরীক্ষায় সফল হলে ৩০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। ঐচ্ছিক বিষয় হিসাবে একসঙ্গে অঙ্ক ও স্ট্যাটিস্টিক্স, অ্যাগ্রিকালচার ও অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, কেমিস্ট্রি ও কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, অ্যাগ্রিকালচার ও অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স আর অ্যাগ্রিকালচার ও ফরেস্ট্রি এক সঙ্গে নিতে পারবেন না। প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের ও প্রতিটি পেপারে ৩ ঘন্টা করে সময় থাকবে। প্রশ্ন হবে ইংরিজি বা, হিন্দিতে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২১ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : http://www.upsconline.nic.in / www.upsc.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাসপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান (৪০ কে.বি.'র বেশি হবে না, এর মধ্যে ফটো ৩০ কে.বি. ও সিগনেচার ১০ কে.বি. হতে হবে) করে নিয়ে যাবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে পরীক্ষা ফী বাবদ ১০০ (তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না) টাকা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে কিংবা ভিসা বা, মাস্টার ক্রেডিট / ডেবিট কার্ডে জমা দিতে পারবেন, ২১ ফেব্রুয়ারির মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। ফর্ম পূরণ করার পর কোনো ভুল হয়ে থাকলে তা এডিট করতে পারবেন ২২ ফেব্রুয়ারি থেকে ২৮ ফেব্রুয়ারির মধ্যে।

## বি.এস.এফ'এ ১,৪১০

১ পাতার পর

(গ) আই.টি.আই. থেকে ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে। বয়স হতে হবে দরখাস্ত করার শেষ তারিখের হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন।

শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৫ (তপশিলী উপজাতি হলে ১৬০, পাহাড়ী এলাকার প্রার্থী হলে ১৫৮) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৫ সেমি, ফুলিয়ে ৮০ সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন।

শরীরের মাপজোখ হতে হবে মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫৫ (তপশিলী উপজাতি হলে ১৪৮, পাহাড়ী এলাকার প্রার্থী হলে ১৪৭) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন।

দৃষ্টিশক্তি দরকার দূরের বেলায় ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯ আর কাছের বেলায় ভালো চোখে N6 ও খারাপ চোখে N9. ধনুকের মতো বাঁকা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, শিরাস্ফীতি, ট্যারা দৃষ্টি, চোখে চশমা বা, বর্ণান্ধতা থাকলে আবেদনের যোগ্য নন। মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা।

শূন্যপদ : **ছেলেদের জন্য** — কবলার ট্রেডে ২২টি (জেনাঃ ১৭, ও.বি.সি. ৩, তঃজাঃ ২,)। টেলর ট্রেডে ১২টি (জেনাঃ ১১, ও.বি.সি. ১)। কুক ট্রেডে ৪৫৬টি (জেনাঃ ১৯৪, ই.ডব্লু.এস. ৪৪, ও.বি.সি. ১০৫, তঃজাঃ ৭৫, তঃউঃজাঃ ৩৮)। ওয়াটার কেরিয়ার ট্রেডে ২৮০টি (জেনাঃ ১১৫, ই.ডব্লু.এস. ২৯, ও.বি.সি. ৬৪, তঃজাঃ ৪৮, তঃউঃজাঃ ২৪)। ওয়াশারম্যান ট্রেডে ১২৫টি (জেনাঃ ৫৫, ই.ডব্লু.এস. ১১, ও.বি.সি. ২৯, তঃজাঃ ২১, তঃউঃজাঃ ৯)। বারবার ট্রেডে ৫৭টি (জেনাঃ ২৮, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ১৪, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৫)। সুইপার ট্রেডে ২৬৩টি (জেনাঃ ১১০, ই.ডব্লু.এস. ২৫, ও.বি.সি. ৬৩, তঃজাঃ ৪৩, তঃউঃজাঃ ২২)। পেইন্টার ১৬টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ২, তঃজাঃ ১)। প্লাম্বার ট্রেডে ২২টি (জেনাঃ ১৭, ও.বি.সি. ৩, তঃজাঃ ২)। পাম্প অপারেটর ট্রেডে ১টি (জেনাঃ)। ড্রাফটসম্যান ট্রেডে ৮টি (জেনাঃ)। আপহোলস্টার ট্রেডে ১টি (জেনাঃ)। টিনস্মিথ ট্রেডে ১টি (জেনাঃ )। বুচার ট্রেডে ১টি (জেনাঃ)। ওয়েটার ট্রেডে ৫টি (জেনাঃ)। মালি ট্রেডে ২৫টি (জেনাঃ ১৯, ও.বি.সি. ৪, তঃজাঃ ২)। খোজি ট্রেডে ৩৬টি (জেনাঃ ২০, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১০, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১)।

**শূন্যপদ মেয়েদের জন্য** — কবলার ট্রেডে ১টি (জেনাঃ)। টেলর ট্রেডে ১টি (জেনাঃ)। কুক ট্রেডে ২৪টি (জেনাঃ ১৯, ও.বি.সি. ৩, তঃজাঃ ২)। ওয়াটার কেরিয়ার ট্রেডে ১৪টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ১)। বারবার ট্রেডে ৩টি (জেনাঃ)। সুইপার ট্রেডে ১৪টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ১)। প্লাম্বার ১টি (জেনাঃ)। পেইন্টার ১টি (জেনাঃ)। ওয়াশারম্যান ৭টি (জেনাঃ)। মালি ১টি (জেনাঃ)।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে শারীরিক সক্ষমতার পরীক্ষা। এরপর উচ্চতা, বুকের ছাতি ও ওজন ইত্যাদি দেখা হবে। সফল হলে ট্রেড টেস্ট। তারপর হবে লিখিত পরীক্ষা। সবশেষে ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে। এই ওয়েবসাইটে : http://rectt.bsf.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইনে দরখাস্ত করার পর পরীক্ষা ফী বাবদ নির্দিষ্ট টাকা দিতে হবে। মহিলা, তপশিলী জাতি, তপশিলী উপজাতি ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। দরখাস্ত করার শেষ তারিখ সরকারিভাবে বিজ্ঞপ্তি বেরোনোর দিন থেকে ৩০ দিনের মধ্যে। এই লেখা প্রেসে যাওয়া পর্যন্ত দরখাস্ত করার তারিখ ঘোষণা করা হয়নি। কয়েক দিনের মধ্যে দরখাস্ত করার তারিখ -সহ বিস্তারিত তথ্য ওয়েবসাইটে দেওয়া হবে।


কেন্দ্রীয় সরকার স্বীকৃত Sanitary Inspector কোর্সে ভর্তি চলছে
Diploma in Sanitary Inspector (1 year)
যোগ্যতা : SI (H.S & Computer Basic)
শিক্ষান্তে সরকারী ও বেসরকারী ক্ষেত্রে কাজের সুযোগ যেমন — রেল Cantonment Board, পৌরসভা, পৌরনিগম, Port (Air & Sea), DVC, ও অন্যান্য ক্ষেত্রে।
উপরের কোর্স ছাড়াও স্বাস্থ্য সংক্রান্ত স্বল্প ও দীর্ঘমেয়াদি কোর্সে ভর্তি চলছে
IIHT 226 B. B. Ganguly Street Bowbazar, Kol-700012
9836396734, 7003224427, 9051260924
Website : www.iiht.in (11 AM to 4 PM)

24000+ শূন্যপদ, চাকরি GSCE-তে পড়লেই
সম্প্রতি প্রকাশিত ICDS সুপারভাইজার পরীক্ষায় GSCE-র ছাত্রীদের সাফল্যের হার 91%

| আবেদন চলছে | শূন্যপদ | যোগ্যতা |
|---|---|---|
| SSC MTS | 12523 | মাধ্যমিক |
| LIC ADO | 9394 | স্নাতক |
| IB | 1675 | মাধ্যমিক |
| BSF | 1500 | মাধ্যমিক থেকে শুরু |

Director Sir-দের সেমিনার/মোটিভেশনাল ক্লাস— কবে, কোথায়, কখন জানতে শীঘ্রই নাম নথিভুক্ত করুন আপনার নিকটবর্তী GSCE কেন্দ্রে
ভর্তি চলছে • WBCS • Regular Combined • স্কুল সার্ভিস • Staff Selection • BANK • RAIL • PSC • SLST • TET • Police
WBCS Officer-রাও Special Class নেন GSCE-তে
কোর্স ফি শুরু 3540 টাকা থেকে

GSCE কেন্দ্র

| | |
|---|---|
| শিয়ালদহ (HO) | 9051040306, 9674087465 |
| কোচবিহার | 9830277023 |
| আলিপুরদুয়ার | 9674033336 |
| দিনহাটা | 9830277698 |
| জলপাইগুড়ি | 9674025600 |
| ধূপগুড়ি | 9830277257 |
| শিলিগুড়ি | 9674087473 |
| মালদা | 9674087472 |
| বহরমপুর | 9674087471 |
| কৃষ্ণনগর | 9674087470 |
| রানাঘাট | 9674083508 |
| কল্যাণী | 9674087469 |
| ব্যারাকপুর | 9230056668 |
| ডানলপ | 9230056673 |
| বারাসাত | 9674087467 |
| কোন্নগর | 9230056667 |
| সোনারপুর | 9674087466 |
| পঃ মেদিনীপুর | 9230056671 |
| ঝাড়গ্রাম | 9674087874 |
| বর্ধমান | 9674025700 |

Helpline : 9830277100 / 200 / 300 Website : www.gsceindia.org
GSCE পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920

D.Pharm B.Pharm GNM B.Sc. নার্সিং Ph.D B.Ed. LLB M.Ed. D.El.Ed.
মাধ্যমিক HS, BA, MA, B.Sc. M.Sc., B.Com, M.Com, Paramedical
রবীন্দ্র অ্যাকাডেমি 7980602015
www.rabindragroup.com

SLST PT, SLST ENGLISH, HISTORY, TET, WBCS-2023
SLST PT, SLST ENGLISH (IX-X & XI-XII), UPPER PRIMARY TET, SLST HISTORY, WBCS, GROUP C & D, GK, PRIMARY TET ও অন্যান্য পরীক্ষার স্টাডি মেটেরিয়াল ও অনলাইন মকটেস্ট
www.halderschool.in
Cash On Delivery (COD) Available
Halder School is now Halder e-Academy 6294898821 (WhatsApp Only)

REQUIRES
• Receptionist (Female)
• Marketing Manager (Male)
for an Educational Institution
B.D.S. Mission
Garia, Kolkata
M : 8250433066

ADMISSION GOING ON
M.P. ACADEMY AT HOWRAH
BEST COACHING FOR GOVT. JOBS
6290727713 / 7596966201

Academic Faculties needed for B.Ed. & D.El.Ed. Course (NET / SET) and / or Ph.D.
Bengali, English, Sanskrit, Political Science, Education, History, Mathematics, Geography, Life Science, Physical Science.
Contact : 9433366716 / 9804004892
Email Your CV : bishnupriya.college@hotmail.com

৮ বাহিনীর কনস্টেবল পদের বিগত ৫ বছরের কয়েক হাজার প্রশ্নোত্তরের বিশ্লেষণ সহ বেরোলো
স্পেশাল সংখ্যা
সাফল্য সাধারণ জ্ঞান
সাফল্য
Appointment & Career News
হেল্পলাইন : 9830624170

# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।**

## সাধারণ বিজ্ঞান

১। গুরুমস্তিষ্কের কোথায় ধূসর বস্তু ও শ্বেত বস্তু থাকে — বহির্ভাগে ধূসর বস্তু ও অন্তর্ভাগে শ্বেত বস্তু।

২। চোখের কোন অংশ তারারন্ধ্রকে ছোট ও বড় হতে সাহায্য করে — আইরিস।

৩। 'অশ্বশক্তি' কথাটি সর্বপ্রথম কে ব্যবহার করেন — জেমস ওয়াট।

৪। কোনো দণ্ড চুম্বকের কেন্দ্রে চৌম্বকত্বের মান কত — শূন্য।

৫। বাড়ির বৈদ্যুতিক বর্তনীতে ফিউজ তার কীভাবে সংযোগ থাকে — মেইনলাইনে শ্রেণি সমবায়ে।

৬। সোডা ওয়াটারে কোন গ্যাস ব্যবহৃত হয় — কার্বন-ডাই-অক্সাইড।

৭। মরুভূমির প্রাণীরা শুষ্ক মলত্যাগ করে কেন — জল সাশ্রয়ের জন্য।

৮। কোশ বিভাজনের কোন পর্যায়ে বেমতন্তু গঠিত হয় — প্রাণীকোশ বিভাজনের প্রফেজ দশায়।

৯। কোন গ্যাস বজ্রপাতের সময় বায়ুমণ্ডলে তৈরি হয় — নাইট্রিক অক্সাইড।

১০। মেরু অঞ্চলে তাপকেন্দ্র বলের মান কত — শূন্য।

## ইতিহাস

১১। 'কুন্তল-বন-বিহার' নামে চৈত্যটি কণিষ্ক কোথায় তৈরি করেন — পুরুষপুর বা, পেশোয়ার।

১২। শীলভদ্র, কোন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ছিলেন — নালন্দা।

১৩। কোন সন্ধির মাধ্যমে, ইংরেজরা 'পেশোয়া' পদ লোপ করে — পুনার সন্ধি।

১৪। 'লোকহিতবাদী' কার ছদ্মনাম —



গোপালহরি দেশমুখ।

১৫। 'নাই ভয়' ও 'লাঠৌষধি' নামে ২টি প্রবন্ধ কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল — যুগান্তর।

১৬। 'ইউনিভার্সিটি অ্যাক্ট' কোন ভাইসরয়ের আমলে চালু হয় — লর্ড কার্জন।

১৭। সুভাষচন্দ্র বসু কত সালে ছদ্মবেশে গৃহত্যাগ করেন — ১৯৪১ সালে।

১৮। 'মারাঠা জাতির ইতিহাস' কার রচনা — গ্রান্ট ডাফ।

১৯। মহেঞ্জোদারোতে শীলমোহরের ওপর যে দেবতার খোদাই করা মূর্তি পাওয়া গেছে, তা কীসের মূর্তি — শিবের আদি মূর্তি।

২০। 'নীল কমিশন' কত সালে গঠন করা হয় — ১৮৬০।

## ভূগোল

২১। পচা মৃত্তিকা ভারতের কোন রাজ্যে দেখা যায় — কেরল।

২২। ভারতের কোন রাজ্যে পলিমাটি সবথেকে কম দেখা যায় — মধ্য প্রদেশ।

২৩। 'মন্দাকিনী নদী'র উৎসস্থল কোথায় — কেদারনাথের কাছে ঘোড়াবাড়ি হিমবাহ।

২৪। ভারতে কোন ধরণের খামার চাষ হয় — নিবিড় পদ্ধতির।

২৫। কীসের প্রভাবে কাশ্মীরে শীতকালে বৃষ্টিপাত হয় — পশ্চিমী ঝঞ্ঝার প্রভাবে।

২৬। কোন দেশকে 'প্রাচ্যের ব্রিটেন' বলে — জাপান।

২৭। বিশ্বের বৃহত্তম সমুদ্রগর্ভের তৈলখনি কোনটি — সাফানিয়া।

২৮। চিনের সর্বশ্রেষ্ঠ নগর কোনটি — সাংহাই।

২৯। হেক্টর প্রতি ধান উৎপাদনে কোন দেশ পৃথিবীতে প্রথম স্থান অধিকার করে — জাপান।

৩০। কোন নদীকে 'বাংলার দুঃখ' বলে — দামোদর।

## অর্থনীতি

৩১। ২০২২ সালে কোন ব্যাঙ্ক 'ইনক্লুসিভ ফিনান্স ইন্ডিয়া পুরস্কার' পেল — ইএসএএফ স্মল ফিনান্স ব্যাঙ্ক (আর্থিক অন্তর্ভুক্তির লক্ষ্যকে এগিয়ে নিয়ে যেতে ও অন্তর্ভুক্তিমূলক বৃদ্ধিকে সমর্থন করার ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য এই পুরস্কার পেল তারা)।

৩২। ২০২২ সালে কোন ব্যাঙ্ক 'ইনক্লুসিভ ফিনান্স ইন্ডিয়া পুরস্কার' পেল — ইএসএএফ স্মল ফিনান্স ব্যাঙ্ক (আর্থিক অন্তর্ভুক্তির লক্ষ্যকে এগিয়ে নিয়ে যেতে ও অন্তর্ভুক্তিমূলক বৃদ্ধিকে সমর্থন করার ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য এই পুরস্কার পেল তারা)।

৩৩। কাকে চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নির্বাচন করল বেদান্ত'র কেয়ার্ন অয়েল অ্যান্ড গ্যাস — নিক ওয়ালকের।

৩৪। 'ব্র্যান্ড ফাইন্যান্স'এর তরফ থেকে প্রকাশিত 'গ্লোবাল ৫০০-২০২৩' রিপোর্ট অনুযায়ী, বিশ্বের ২৫টি শক্তিশালী ব্র্যান্ডের তালিকায় 'রিলায়েন্স জিও'র স্থান কত — নবম (শক্তিশালী ব্র্যান্ড সূচকে 'জিও'র স্কোর ৯০.২)।

৩৫। ইওয়াই রিপোর্ট অনুযায়ী, কোন সালে ভারত ২৬ ট্রিলিয়ন ডলার অর্থনীতিতে পরিণত হবে — ২০৪৭।

## সাম্প্রতিক ঘটনা

৩৬। জি-২০'র প্রথম এনভায়রনমেন্ট অ্যান্ড ক্লাইমেট সাসটেইনেবিলিটি ওয়ার্কিং গ্রুপ মিটিং ভারতের কোন শহরে হয়েছে — বেঙ্গালুরু।

৩৭। ২০২২ সালের জন্য কে 'বর্ষসেরা বিশিষ্ট বিজ্ঞানী'র শিরোপা



পেলেন — আর.বিষ্ণু প্রসাদ ('ইন্ডিয়ান অ্যাচিভার্স পুরস্কার' পেলেন তিনি)।

৩৮। ভারতের 'চরাইদেও মৈদাম' 'ইউনেস্কো'র বিশ্ব ঐতিহ্যবাহী স্থানের মর্যাদার জন্য মনোনীত হল। এটি ভারতের কোন রাজ্যে অবস্থিত — অসম।

৩৯। ভারতের কোন রাজ্যের লুংলেই ফায়ার স্টেশন' ২০২৩ সালে 'সুভাষচন্দ্র বোস আপদা প্রবন্ধন পুরস্কার' পেল — মিজোরাম (বিপর্যয় ব্যবস্থাপনায় অসামান্য অবদানের জন্য এই পুরস্কার পেল তারা)।

৪০। সম্প্রতি ইয়ানোমামি অঞ্চলে চিকিৎসা জরুরি অবস্থা জারি হল। এই অঞ্চলটি বিশ্বের কোন দেশে অবস্থিত — ব্রাজিল।

৪১। ভারতের প্রথম জেলা হিসাবে, সব উপজাতির মানুষদের মৌলিক নথিপত্র সরবরাহ করল কারা — কেরালার ওয়ায়ানাদ জেলা।

৪২। কোন শিক্ষা প্রতিষ্ঠান দেশীয় মোবাইল অপারেটিং সিস্টেম 'BharOS' তৈরি করল — আইআইটি মাদ্রাজ।

৪৩। ভারতের কোন রাজ্যের বিশ্ববিদ্যালয়ের ১৮ বছর বয়সি ও তার ঊর্ধ্বে গর্ভবতী ছাত্রীরা এবার থেকে ৬০ দিনের মাতৃত্বকালীন ছুটি পাবেন — কেরল।

৪৪। ভারতের গভীরতম মেট্রো স্টেশন কোথায় তৈরি হচ্ছে — পুণে।

৪৫। ২০২৫ সালের মধ্যে ভারতের প্রথম সবুজ শক্তি রাজ্যে পরিণত হওয়ার লক্ষ্যমাত্রা নিল কারা — হিমাচল প্রদেশ সরকার।

৪৬। কোন বিমানবন্দর মর্যাদাপূর্ণ 'সেরা সাসটেইনেবল গ্রিনফিল্ড বিমানবন্দর'এ ভূষিত হল — গোয়ার 'মনোহর আন্তর্জাতিক বিমানবন্দর'।

৪৭। 'জ্ঞানপীঠ পুরস্কার'প্রাপ্ত প্রখ্যাত কবি নীলমনি ফুকন (৮৯ বছর) কোন ভাষার কবি ছিলেন — অসমীয়া।

৪৮। নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী এখন কে — ক্রিস হিপকিন্স।

৪৯। ২০২৩ সালে 'ভারতীয় আন্তর্জাতিক বিজ্ঞান উৎসব' কোথায় হয়েছে — মধ্য প্রদেশের ভোপাল।

৫০। ভারতের কোন রাজ্য সরকার 'স্কুল অফ এমিনেন্স' প্রকল্প চালু করল — পঞ্জাব।

৫১। সম্প্রতি প্রয়াত বাদারা অ্যালিউ জুফ (৬৫ বছর) কোন দেশের ভাইস-প্রেসিডেন্ট ছিলেন — গাম্বিয়া।

৫২। 'ইউনাইটেড নেশনস এনভায়রনমেন্ট প্রোগ্রাম'এর এক্সিকিউটিভ ডিরেক্টর এখন কে — ইঙ্গার অ্যান্ডারসেন।

৫৩। ২০২১-'২২ সালের জন্য, কে বাহরাইনের শীর্ষ বেসামরিক 'আইএসএ পুরস্কার' পেলেন — ড.সান্দুক রুট (মানবতার জন্য এই পুরস্কার পেলেন তিনি)।

৫৪। মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের পরবর্তী চিফ অফ স্টাফ হিসাবে কে নিযুক্ত হলেন — জেফ জিয়েন্টস।

৫৫। এবছর মোট কতজন শিশুকে 'প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কার' দেওয়া হয়েছে — ১১ জন।

৫৬। ভারতের কোন রাজ্য/ কেন্দ্রশাসিত অঞ্চলে 'ইউনিক ল্যান্ড পার্সেল আইডেন্টিফিকেশন নাম্বার' চালু হল — লাদাখ (১৪ সংখ্যার এই নম্বরটি জমির রেকর্ডের ডিজিটাইজেশনে সাহায্য করবে)।

৫৭। সম্প্রতি বিশ্বের প্রবীণতম ব্যক্তি লুসিল রাঁদোঁর (১১৮ বছর ৩৪০ দিন) মারা গেলেন। তিনি কোন দেশের বাসিন্দা — ফ্রান্স।

৫৮। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনে, 'জাতীয় স্বাস্থ্য কর্তৃপক্ষ'এর (আয়ুষ্মান ভারত ডিজিটাল মিশন) ডিরেক্টর কে — প্রবীণ শর্মা।

৫৯। কে প্রথম ভারতীয়-মার্কিনি রাজনীতিবিদ হিসাবে, মার্কিন যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ড রাজ্যের লেফটেন্যান্ট গভর্নর হলেন — অরুণা মিলার।

৬০। সম্প্রতি প্রয়াত প্রভাবেন শোভাগচাঁদ শাহ (৯২) কে ছিলেন — সমাজকর্মী।

৬১। ২০২৩ সালে 'ব্র্যান্ড গার্ডিয়ানশিপ ইনডেক্স'এ কে ভারতীয়দের মধ্যে প্রথম ও বিশ্বব্যাপী দ্বিতীয় স্থান পেলেন — ভারতীয় বিলিওনেয়র মুকেশ আম্বানি।

৬২। 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড'এর বিচারে, কে বিশ্বের সবথেকে বয়স্ক জীবিত ব্যক্তির শিরোপা পেলেন —



মার্কিনি বংশোদ্ভূত স্প্যানিশ মহিলা মারিয়া ব্রানিয়াস মোরেরা (তাঁর বয়স ১১৫ বছর ৩৩১ দিন )।

৬৩। সম্প্রতি প্রয়াত ডেভিড ক্রসবি (৮১ বছর) কে ছিলেন — মার্কিনি গায়ক।

৬৪। কোন ভারতীয়-মার্কিনি 'মার্টিন লুথার কিং গ্র্যান্ড প্যারেড বিশেষ পুরস্কার' পেলেন — কৃষ্ণ ভাভিলালা (মার্কিন যুক্তরাষ্ট্রের মূলধারার সঙ্গে ভারতীয় প্রবাসীদের সংযুক্ত করার ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য এই পুরস্কার পেলেন তিনি)।

৬৫। প্রথমবারের মতো একটি এক্সোপ্ল্যানেট আবিষ্কার করল বিশ্বের বৃহত্তম ও সবথেকে শক্তিশালী 'জেমস ওয়েব স্পেস টেলিস্কোপ'। এই এক্সোপ্ল্যানেটটির নাম কী — এলএইচএস ৪৭৫বি।

৬৬। বিরল কমলা রঙের বাদুড়ের খোঁজ মিলল কাঙ্গের উপত্যকা জাতীয় উদ্যানে। এটি ভারতের কোন রাজ্যে অবস্থিত — ছত্তিশগড় (এটির বৈজ্ঞানিক নাম *'Kerivoula Picta'*)।

৬৭। ২০২২ সালে কে 'গাজা ক্যাপিটাল বিজনেস বুক প্রাইজ' পাচ্ছেন — সাংবাদিক-লেখক হরিশ দামোদরন ('Broke to Break-through : The Rise of India's Largest Private Dairy Company' বইটির জন্য এই পুরস্কার পেলেন তিনি)।

৬৮। ভারতের প্রথম কেন্দ্রশাসিত অঞ্চল হিসাবে সম্পূর্ণরূপে ডিজিটাল মাধ্যমে পরিণত হল কারা — জম্মু ও কাশ্মীর।

৬৯। 'দ্য টাইমস অফ ইন্ডিয়া'র রিপোর্ট অনুযায়ী, ভারতের চতুর্থ বৃহত্তম বাণিজ্যিক অংশীদারে পরিণত হল কোন দেশ — রাশিয়া।

৭০। ১৩ তম 'আন্তর্জাতিক পুনর্নবীকরণযোগ্য শক্তি সংস্থা পরিষদ'এ সভাপতিত্ব করবে কোন দেশ — ভারত।

৭১। ২০২৩ সালে 'মিলিটারি স্ট্রেংথ র‍্যাঙ্কিং'এ ভারতের স্থান কত — চতুর্থ।

৭২। কোন দেশের প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগের ঘোষণা করলেন জেসিন্ডা আরডার্ন — নিউজিল্যান্ড।

৭৩। 'জাতীয় ভোটার দিবস' কবে পালিত হয় — ২৫ জানুয়ারি।

৭৪। 'আমুল' কোম্পানির চেয়ারম্যান এখন কে — শামলভাই বি.প্যাটেল।

## খেলাধুলা

৭৫। ২০২৩ সালে 'ইন্ডিয়া ওপেন ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপ'এ মহিলাদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — দক্ষিণ কোরিয়ার অ্যান সে-ইয়ং (জাপানের আকানে ইয়ামাগুচি'কে ১৫-২১, ২১-১৬ ও ২১-১২ ব্যবধানে হারিয়ে)।

৭৬। ২০২৩ সালে 'ইন্ডিয়া ওপেন ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — থাইল্যান্ডের কুনলাভুত ভিতিদসার্ন (ডেনমার্কের ভিক্টর অ্যাক্সেলসেনকে ২২-২০, ১০-২১ ও ২১-১২ ব্যবধানে হারিয়ে)।

৭৭। সাম্প্রতিক রিপোর্ট অনুযায়ী, গত বছর অনলাইন জালিয়াতির কারণে 'আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল'এর প্রায় কত মিলিয়ন ডলার ক্ষতি হয়েছে — ২.৫।

৭৮। কে 'ন্যাশনাল স্পোর্টস ক্লাব অফ ইন্ডিয়া' স্নুকার ওপেন জিতলেন — লক্ষ্মণ রাওয়াত (আদিত্য মেহতাকে ৯-৬ ব্যবধানে হারিয়ে)।

৭৯। সম্প্রতি সব ধরনের ক্রিকেট থেকে অবসর নেওয়া হাসিম আমলা কোন দেশের খেলোয়াড় — দক্ষিণ আফ্রিকা।

৮০। কে দেশের মাটিতে একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে সবথেকে বেশি ছক্কা হাঁকানোর নজির গড়লেন — রোহিত শর্মা (দেশের মাটিতে রোহিতের ওয়ান ডে ছক্কার সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১২৫টি)।

৮১। ২০২৩ সালে আইএসএসএফ 'শ্যুটিং বিশ্বকাপ'এ প্রশাসক হিসাবে



নিযুক্ত হলেন কে — 'সুপ্রিম কোর্ট'এর অবসরপ্রাপ্ত বিচারপতি আর্জন কুমার সিক্রি।

৮২। ২০২৩ সালে 'বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন'এ পুরুষ বিভাগে চ্যাম্পিয়ন হলেন স্ট্যানলে কিপ্রোটিচ বেট। তিনি কোন দেশের দৌড়বিদ — কেনিয়া।

৮৩। প্রথম বাঙালি ফুটবল কোচ হিসাবে, কোচিংয়ের প্রো লাইসেন্স পেয়ে নজির গড়লেন কে — শঙ্করলাল চক্রবর্তী।

সঙ্কলক : পলি দেওয়ান

# সদ্য প্রকাশিত তিনটি চূড়ান্ত রেজাল্টে অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন এবার 250 পার

## WBCS-2020-এর রেজাল্টে অ্যাকাডেমিক থেকে সফল 27 জন

### WBCS 2020

**GR A**

WBCS (Exe) Haimontika Das · WBCS (Exe) Md. Karimul Islam · WBCS (Exe) Mriganka Shekhar Das · WBCS (Exe) Nabirul Islam · WBCS (Exe) Ipsita Bhattacharya

WBCS (Exe) Chandan Saha · WBCS (Exe) Rahul Biswas · WBCS (Exe) Kailash Prasad · WBRS Debasish Kumar Rakshit · WBRS Abhishek Mitra

**GR .B**

DSP Mijanur Rahaman · DSP Sajid Iqbal · DSP Ankur Singha Roy · DSP Ananya Chatterjee · DSP Suman Das

WBRS Ashis Ghorai · WBRS Amir Ali · WBRS Aquib Jawed · WBRS Subrata Das · WBRS Abhijit Sarkar · WBRS Debasish Bera · Co-Op Dept Saikat Bhattacharya · Co-Op Dept Debnath Mahata · Co-Op Dept Md. Ghulam Ghous · Employment Service Abhishek Mandal · Employment Service Sidrah Niyaz

I cleared WBCS 2020 exam with rank 3 in my first attempt. It's a journey of three years and as an enrolled candidate of Academic Association, I was benefitted from their classes, mock test, study materials and interview guidance.

**Haimontika Das, WBCS (Exe.)**

I had enrolled in Academic Association in the year 2016. The institute helped me immensely to understand the basics of WBCS.

**Md Karimul Islam, WBCS (Exe)**

Academic Association has given me each and everything, required to be a WBCS officer. Today I am very honoured to thank Sutapa Ma'am and Samim Sir. My special thanks to all teacher, staff and faculties to change my life from nobody to somebody.

**Ipsita Bhattacharya, WBCS (Exe.)**

Academic associations have played a vital role in my success. I got immense help from regular classes, Study Material, Mocktest, etc. I would especially like to thank Samim sir for his guidance and motivation throughout my journey.

**Md. Ghulam Ghous, Co-Operative Department**

অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন নিজেকে চিনতে সাহায্য করেছিল। এখানকার অসাধারণ মকটেস্ট আর মক ইন্টারভিউ আমার সাফল্যের মূলমন্ত্র। WBCS এর হুবহু ধাঁচের মকটেস্ট আমার প্রস্তুতিকে শক্তপোক্ত করেছিল। মকের পরশপাথরে নিজেকে যাচাই করতে করতে আমার ''উন্নত আমি'কে'' খুঁজে পেয়েছিলাম।

**Debasis Kumar Rakshit, WBRS**

**ন্যূনতম খরচে WBCS Preli & Mains মকটেস্টের নতুন ব্যাচে ভর্তি চলছে**

## MISC-2020-এর রেজাল্টে অ্যাকাডেমিক থেকে সফল 33 জন

**Block welfare officer:** Sudip Das · Samirul Islam · Abhijit Das · Sarthak Guha

**Backward Classes Welfare:** Bishal Das

**Assistant Programing Officer:** Debabrata paul · Md Abir Hossain Gazi · Krishna Gopal Das · Sadha Chakraborty · Tarique Zaidi

Ramiz Mandal- APO · Ipsita Roy, APO

**Controller of Correctional Services:** Mainak Chakraborty · Gourab Pal

**Consumer Welfare Officer:** Debasish Kumar Rakshit

**Savings Department Officer:** Sucheta Ganguly · Ananya Chatterjee · Saswati Chowdhury · Swarnali Sil

**Revenue Inspector:** Dipanjan Chakrabarty

**Revenue Inspector:** Abdur Rahim · Tamirul Hoque Mridha · Md Sahari Ahamed · Aroya Bagchi · Md Sulman Hossain

**Auditor of Co-operative Societies:** Aditya Ghosh · Nafisha Ahamed · Marufa Sultana · Archisman Pramanik · Rajesh Samanta · Munshi Nasshad Hossain

বাংলা ভাষায় বইটি পাওয়া যাবে ফেব্রুয়ারী মাসের শেষ সপ্তাহে




১০ই ফেব্রুয়ারী থেকে পাওয়া যাবে




**WBCS-এর নতুন ব্যাচে ভর্তি চলছে। ক্লাস শুরু ১৯শে ফেব্রুয়ারী। আসন সীমিত।**

## ICDS-2019-এর রেজাল্টে অ্যাকাডেমিক থেকে সফল 191 জন

Sayantika Nandi · Sucharu Mukherjee · Priyanka Chel · Josmin Haque · Sara Samprikta · Madhusree Saha · Srabani Biswas · Archita Dutta · Chandrika Sarkar · Dipanwita Sen · Eknakshi Das · Gouri Pratihar · Ipsita Roy · Jaya Rani Naskar · Kiranmoyee Mondal

Nandini Biswas · Mounita Sarkar · Pradipta Mondal · Ruhina Parvin · Salma khatoon · Sambul Nahar · Shafiqua Khatoon · Shatabdi Adak · Anisha Pramanik · Ankita Roy · Aroya Bagchi · Jesmina Khatun · Trishna Bhowmik · Aditi Saha · Arpita Paul

Babiya Mallick · Kaberi Mazumder · Kamalika Das · Mounita Halder · Mukta Mondal · Pousali Roy · Rituparna Ghosh · Taniya Dutta · Tanusree Karmakar · Soma Bej · Misti Banik · Humaira Sultana · Sumana Saha · Sabnam Sultana · Dona saha

Srijita Adhikari · Suparna Ghoshal · Supriya Das · Susmita Dey · Suvra Chanda · Tithi Makar · Trisha Biswas · Tumpa Kundu · Priyanka Halder · Puja Biswas · Resma Pal · Tania Biswas · Sabeli Maite · Tuhina Bhaiya · Debolina Saha

Masoma Khatun · Joyita Mondal · Bidisha Mondal · Bilkis Khatun · Debarati Chaudhari · Devasmita Kumar · Mohali Bera · Samana Garai · Parijat Rahman · Tanaya Guha · Debanjali Karmakar · Paramita Roy · Diptakshi Mondal · Mousumi Sarkar · Rahina Parvin

# অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন

২, সূর্য সেন স্ট্রিট (কলেজ স্কোয়ার), কলকাতা-৭০০০১২ ।। ওয়েব সাইট : www.academicassociation.com

(033)79650408
9038786000
9674478644

Main Branch : College Street - 9674478644 II Study Centre : ●Berhampur - 9474582569 ●Barasat - 9073587432 ●Uluberia - 9051392240

# সংখ্যা ও পরিসংখ্যানের দিক থেকে বৃদ্ধির হার এক নতুন

**প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে গঠিত সরকারের অঙ্গীকারই হল ভারতীয় অর্থনীতিকে একেবারে গোড়া থেকেই আরও মজবুত করে তোলা। গত এক বছর জুড়ে দেশের বিভিন্ন ক্ষেত্রে যে সাফল্য অর্জিত হয়েছে তার একটি চিত্রও ইতিমধ্যেই সুপরিস্ফুট হয়েছে। প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে এবং তাঁর দৃষ্টিভঙ্গিকে অনুসরণ করে নতুন ভারত তার লক্ষ্য পূরণের কাজে সাফল্য অর্জন করে চলেছে। 'অমৃতকাল'এ পৌছনোর লক্ষ্যে গতি সঞ্চারিত হয়েছে কর্মপ্রচেষ্টার ক্ষেত্রেও। সরকারি কর্মপ্রচেষ্টার এক ঝলক এখানে তুলে ধরা হল যার মধ্যে ২০২২ সালে অর্জিত সাফল্যের একটি চিত্র ফুটে উঠেছে। শুধু তাই নয়, এই সাফল্য ভারতকে আগামী ২৫ বছরে অমৃতকাল-এ পৌছে দিতেই সাহায্য করবে।**

## ভারত, বিশ্বের পঞ্চম বৃহত্তম অর্থনীতি

২০২২ সালে ভারতের ৭৫তম স্বাধীনতার বছরটি অতিক্রান্ত হয়েছে। বর্তমান সময়কালের সূচনাকে প্রধানমন্ত্রী এক 'সোনালী যুগ' তথা 'অমৃতকাল' রূপে বর্ণনা করেছেন। **গত কয়েক বছরে বলিষ্ঠ অর্থনৈতিক অগ্রগতি** ভারতকে যুক্তরাজ্যের থেকেও আরও সামনের সারিতে নিয়ে এসে **বিশ্বের পঞ্চম বৃহত্তম অর্থনীতির** তকমাটি লাভ করতে সাহায্য করেছে। ২০২১ সালের শেষ তিনটি মাস এবং ২০২২ সালের প্রথম তিনটি মাসের মধ্যেই এই সাফল্য অর্জিত হয়েছে।

## সকলের জন্য জল : জল জীবন মিশন



পাইপলাইনের মাধ্যমে জল সরবরাহের সুযোগ পৌছে গেছে দেশের **১১ কোটি ৪ লক্ষ** পরিবারে

## অতিমারী পরবর্তীকালে অর্থনৈতিক পুনরুদ্ধার প্রচেষ্টা

২০২২ সালের এপ্রিল থেকে সেপ্টেম্বর - এই সময়কালে ভারতের মোট অভ্যন্তরীণ উৎপাদন তথা জিডিপি ৮.৭ শতাংশ থেকে ৯.৭ শতাংশ হারে বৃদ্ধি পেয়েছে। মূলধনী খাতে ব্যয়ের মাত্রা হ্রাস না করার যে প্রচেষ্টা কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে শুরু করা হয়েছিল, তার ফলশ্রুতিতেই এই সাফল্য অর্জিত হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২১ সালের এপ্রিল থেকে আগস্ট — এই সময়কালের তুলনায় ২০২২-এর সমতুল সময়কালে মূলধনী খাতে ব্যয়ের মাত্রা দাঁড়িয়েছে ৪৬.৮ শতাংশ বেশি।

## কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির ক্ষেত্রেও উল্লেখযোগ্য অগ্রগতি

দেশের বিভিন্ন ক্ষেত্রে অর্থনৈতিকভাবে ঘুরে দাঁড়ানোর প্রচেষ্টার ফলে ভারতের সার্বিক কর্মসংস্থান পরিস্থিতি এখন যথেষ্ট উন্নত। কর্মচারী ভবিষ্যনিধি তহবিলের আওতায় গ্রাহকের সংখ্যা বর্তমানে ৬ কোটি ৮০ লক্ষেরও বেশি। এথেকে এটাই প্রমাণিত হয় যে ব্যবহারিক ক্ষেত্রে দেশে কর্মসংস্থানের পরিস্থিতি এখন যথেষ্ট অনুকূল।

## প্রধানমন্ত্রী গরীব কল্যাণ অন্ন যোজনার আওতায় বিনামূল্যে খাদ্যশস্য বন্টন

**৩ লক্ষ ৯০ হাজার কোটি টাকা মূল্যের ১,১১৮ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য বন্টিত হয়েছে**



৩৫৯

শুধুমাত্র এপ্রিল-ডিসেম্বর, ২০২২ — এই সময়কালেই খাদ্যশস্য বন্টনের মাত্রা ৩৫৯ লক্ষ মেট্রিক টন

## মেক ইন ইন্ডিয়া, মেক ফর দ্য ওয়ার্ল্ড

নির্মাণ ও উৎপাদন ক্ষেত্রে প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগের পরিমাণ পূর্ববর্তী আর্থিক বছরের তুলনায় ২০২১-২২ অর্থবর্ষে ইক্যুইটির আকারে বৃদ্ধি পেয়েছে ৭৬ শতাংশের মতো। অন্যদিকে, ২০২১-২২ অর্থবর্ষে ভারতের নির্মাণ তথা উৎপাদন সামগ্রীর রপ্তানির মাত্রা এযাবৎকালের মধ্যে সর্বোচ্চ ৪১৮ বিলিয়ন। মার্কিন ডলারে উন্নীত হয়েছে, যা কিনা পূর্ববর্তী বছরের বৃদ্ধির তুলনায় ৪০ শতাংশ বেশি। এছাড়াও, গত পাঁচ বছরে প্রতিরক্ষা ক্ষেত্রে রপ্তানি বৃদ্ধি পেয়েছে ৩৩৪ শতাংশ। সুদের ক্ষেত্রে সমতা এবং বৈদেশিক বাণিজ্য সম্পর্কিত নীতি দু'টির সম্প্রসারণ ঘটানো হয়েছে রপ্তানি বৃদ্ধির দিকে লক্ষ্য রেখে।

## রপ্তানি প্রচেষ্টার মাধ্যমে প্রতিফলন ঘটেছে কৃষি সম্প্রসারণের

কৃষি রপ্তানির ক্ষেত্রে বিশ্বের ১০টি শীর্ষস্থানীয় দেশের মধ্যে ভারত নিজের স্থান করে নিয়েছে। ২০২০-২১ এবং ২০২১-২২ — এই দুটি অর্থ বছরের মধ্যবর্তী সময় দেশের কৃষি তথা কৃষি-সংশ্লিষ্ট রপ্তানি বৃদ্ধি পেয়েছে প্রায় ২০ শতাংশ। শুধু তাই নয়, ২০২১-২২ অর্থ বছরে এই হার ছিল এক কথায় সর্বোচ্চ। কৃষিপণ্যগুলির মধ্যে উল্লেখযোগ্যভাবে রপ্তানি বৃদ্ধি পেয়েছে গম শস্যের। পরিসংখ্যানের দিক থেকে বলতে গেলে, ঐ সময়কালে গম রপ্তানির মাত্রা বৃদ্ধি পেয়েছে ২৭০ শতাংশেরও বেশি।

## নাগরিক কল্যাণে অগ্রাধিকার

সরকারের দৃষ্টি শুধুমাত্র উন্নয়নমূলক অর্থনীতির মধ্যেই সীমাবদ্ধ থাকেনি। একইসঙ্গে বিভিন্ন কর্মসূচি রূপায়ণের মাধ্যমে নাগরিকদের জীবনযাত্রার মানোন্নয়ন ও তাঁদের সার্বিক কল্যাণসাধনেরও চেষ্টা করা হয়েছে। বিশেষত, দেশের বঞ্চিত ও অবহেলিত সম্প্রদায়ের মানুষরাও যাতে এই কল্যাণ কর্মসূচির বাইরে থেকে না যান, সেদিকেও সরকারের দৃষ্টি ছিল সজাগ।

**প্রধানমন্ত্রী আবাস যোজনা (এমএমএওয়াই — গ্রামীণ ও শহরাঞ্চল)-এর আওতায় মঞ্জুরি দেওয়া হয়েছে ৪ কোটিরও বেশি বাসস্থান নির্মাণ কর্মসূচির।**

২০১৯-এর আগস্ট মাস থেকে জল জীবন মিশন (জেজেএম) অর্থাৎ, 'হর ঘর জল' কর্মসূচি রূপায়ণে সরকার বিশেষভাবে জোর দিয়েছে। দেশের প্রতিটি গ্রামীণ পরিবারে পাইপলাইনের মাধ্যমে জলের সুযোগ পৌছে দিতেই সরকারের এই বিশেষ ব্যবস্থা। **আজ পর্যন্ত 'হর ঘর নল সে জল'-এর স্বপ্ন বাস্তবায়িত হয়েছে দেশের সাতটি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলে। জল জীবন মিশন-এর আওতায় এক্ষেত্রে অর্জিত সাফল্যের হার ১০০ শতাংশ।**

## রান্নার গ্যাসের সংযোগেও উল্লেখযোগ্য বৃদ্ধি (২০২২)




এলপিজি সংযোগ সম্প্রসারিত হয়েছে **১০৫.৪%**

দেশের গ্রামীণ এবং বঞ্চিত পরিবারগুলিতে রান্নার বিশুদ্ধ জ্বালানি পৌছে দিতে 'প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনা' (পিএমইউওয়াই)-র সূচনার মাধ্যমে এলপিজি সংযোগের মাত্রা **২০১৬-র মে মাসের ৬১.৯ শতাংশ** থেকে **২০২২-এর নভেম্বরে উন্নীত হয়েছে ১০৫.৪ শতাংশে।**

## আয়ুষ্মান ভারত কর্মসূচির আওতায় হেলথ অ্যাকাউন্টসের মোট সংখ্যা

**৩০ কোটিরও বেশি**

(২০২২-এর ডিসেম্বর পর্যন্ত)



## পুনর্নবীকরণযোগ্য জ্বালানি ক্ষেত্রে ভারতের অগ্রগতি

পুনর্বীকরণযোগ্য জ্বালানি সংস্থানে ক্ষমতা ও দক্ষতার দিক থেকে ভারতের স্থান : চতুর্থ

অনুমোদিত সৌর পার্কের সংখ্যা : ৫৬

জীবাশ্ম বহির্ভূত উৎস থেকে মোট জ্বালানি উৎপাদনের মাত্রা : ৪২.২৬%



## আশা-আকাঙ্খার বাস্তবায়ন, বিশ্বমানে উন্নীত হওয়ার প্রচেষ্টা

সরকারি কর্মপ্রচেষ্টার আরও একটি বিশেষ দিক হল শিল্পোদ্যোগ প্রচেষ্টাকে উৎসাহদান। প্রধানমন্ত্রী মুদ্রা যোজনা (পিএমএমওয়াই)-র আওতায় ২০২২-এর নভেম্বর পর্যন্ত **ঋণদানের মাত্রা দাঁড়িয়েছে ৩৭ কোটি।** আর্থিক পরিসংখ্যানের দিক থেকে যা কিনা **২০ লক্ষ কোটি টাকারও বেশি।** ২০১৫ সালে এই কর্মসূচির সূচনাকাল থেকে এ পর্যন্ত এই সাফল্য অর্জিত হয়েছে।

গত কয়েক বছরে ভারতের ডিজিটাল প
২০১৪-১৫ আর্থিক বছরে ডিজিটাল লেন
বছরে এর মাত্রা উন্নীত হয়েছে ৮,৮৪০
(ইউপিআই)-এর মাধ্যমে মোট লেনদে

## ভারতীয় স্টার্ট-আপ ক্ষে

ভারতে বর্তমানে স্টার্ট-আপ-এর স
আপ ইন্ডিয়া কর্মসূচির সূচনাকাল
সালে বিশ্বের মোট ইউনিকর্ন-এর
বেশি) সংখ্যার দিক থেকে ভার

## জলবায়ু তথা পরিবেশ

ভারতের মোট জ্বালানি চাহিদার ৫
লক্ষ্যে ভারতে সংস্থাপিত বিদ্যুৎ
গিগাওয়াট। এর মধ্যে অ-জীবাশ্ম
জ্বালানিও রয়েছে।

## ভারতে স্টার্ট-আপ-




বিশ্ব উদ্ভাবন সূচকে (
এখন ৪০তম (২০

## ইউপিআই-এর ম
লেনদেনের ক্ষেত্রে অ



# ভারতকে চিহ্নিত করতে চলেছে

তে লেনদেন প্রচেষ্টাও উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে।
র মাত্রা ছিল ৩১৬ কোটি টাকা। তুলনায় ২০২১-২২ অর্থ
টি টাকায়। বিশ্বে ইউনিফায়েড পেমেন্টস ইন্টারফেস
র ৪০ শতাংশ স্থান অধিকার করে রয়েছে ভারত।

## ও উত্তরোত্তর উন্নতি

দাঁড়িয়েছে ৮৯ হাজারেরও বেশি। ২০১৬-তে স্টার্ট-
হিসাব করলে এর বৃদ্ধি ঘটেছে ১৯০ গুণ। ২০২২
গুলির বিনিয়োগ মূল্য ১ বিলিয়ন মার্কিন ডলারেরও
স্থান এখন তৃতীয়।

## রক্ষণের ক্ষেত্রে ভারতের অঙ্গীকার

তাংশ পুনর্নবীকরণযোগ্য জ্বালানি থেকে উৎপাদনের
উৎপাদন ক্ষমতা ডিসেম্বর, ২০২২-এ ছিল ৪০৯
জ্বালানির উৎস থেকে উৎপাদিত ১৭৩ গিগাওয়াট

## সংখ্যা বৃদ্ধি

-এর সংখ্যা

,৭৭৩ : ২০২২

৫৩৪ : ২০২০

আইআই) ভারতের অবস্থান

মে
তি



ইন্দোনেশিয়ার বালিতে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে ২০২৩ বছরটিতে ভারতের জি-২০র সভাপতিত্বের দায়িত্বভার গ্রহণ

"একুশ শতকের এই দশকটি হল ভারতের পরিকাঠামো ক্ষেত্রে রূপান্তরের দশক। বাসস্থান, শৌচাগার, বিদ্যুৎ, জল সংযোগ, রান্নার গ্যাস, শিক্ষা প্রতিষ্ঠান ও হাসপাতাল, ডিজিটাল পরিকাঠামো, রেল, মহাসড়ক, বিমানপথ এবং জলপথের মতো বা ব্যবহারিক সংযোগ পরিকাঠামো — সবক'টি ক্ষেত্রেই একথা প্রযোজ্য। এর সবক'টিই হল বর্তমানে ভারতের দ্রুত উন্নয়ন তথা এক উন্নত রাষ্ট্রে রূপান্তর প্রচেষ্টার শক্তিশালী স্তম্ভ। গত কয়েক বছরে ভারতের অভিজ্ঞতা থেকে এটাই প্রমাণিত হয়েছে যে ডিজিটাল পরিকাঠামোকে যদি আমরা অন্তর্ভুক্তিমূলক করে তুলতে পারি তাহলে তার মধ্যে আর্থ-সামাজিক ক্ষেত্রে রূপান্তর প্রচেষ্টা সফল হয়ে উঠতে পারে। ডিজিটাল পদ্ধতির প্রয়োগ ও ব্যবহার একদিকে যেমন তার পরিধি বিস্তার করতে পারে, অন্যদিকে তার সঙ্গে যুক্ত হয় গতিও।"

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী

## ২০২২-২৩ অর্থবছরের প্রথম তিন মাসে বিভিন্ন দেশে জিডিপি-র ক্ষেত্রে অগ্রগতি




## ২০২৩-এর শুভারম্ভ হোক নতুন ভারতের মাধ্যমে

ভারতে কোভিড-১৯ অতিমারী হওয়ার আগে প্রত্যেকটি সেক্টরে যে গ্রোথ ছিল ২০২২ সালে তা ফিরে এসেছে। মূলত সাম্প্রতিকালে এই গ্রোথ সবচেয়ে বেশি দেখা গেছে এয়ার ট্র্যাফিকে। কোভিড-১৯ অতিমারীর আগে ডোমেস্টিক এয়ার ট্র্যাভেলের সংখ্যার থেকে এখন প্রায় দ্বিগুণ হয়েছে এবং ২৪ ডিসেম্বর ২০২২ পর্যন্ত ডোমেস্টিক এয়ার প্যাসেঞ্জার সংখ্যার নিরিখে আমরা সর্বোচ্চ সীমা অতিক্রম করেছি। স্বভাবতই সাম্প্রতিককালের এই উন্নতি, প্রত্যেকটি সেক্টরে ইকনমিক অ্যাক্টিভিটি আগের থেকে অনেক বেশি হওয়ার জন্যই হয়েছে। মোদী সরকারের সাম্প্রতিককালে উন্নয়নের জন্য নেওয়া বিভিন্ন পদক্ষেপ ও দেশকে অর্থনৈতিক শিখরে নিয়ে যাওয়ার অদম্য নিষ্ঠা, নিশ্চিতভাবে দেশ ও দেশবাসীকে ক্রমবর্ধমান পরিষেবা প্রদানে (যা ২০২২ সালে নথিভুক্ত) সবসময় সাহায্য করেছে।

হিসাবে)
হিসাবে)

CBC 22201/13/0161/2223

## সিভিল সার্ভিস পরীক্ষার মাধ্যমে ১,১০৫

১ পাতার পর

গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। যাঁরা ডিগ্রি কোর্সের ফাইনাল পরীক্ষা দেবেন, তাঁরাও আবেদনের যোগ্য। কিন্তু 'মেন' পরীক্ষার দরখাস্ত করার সময় পাশের মার্কশীট বা, সার্টিফিকেটের প্রত্যয়িত নকল পাঠাতে হবে। বয়স হতে হবে ১-৮-২০২৩'এর হিসাবে ২১ থেকে ৩২ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-৮-১৯৯১ থেকে ১-৮-২০০২'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সাধারণ প্রার্থীরা ৬ বার, ও.বি.সি.'রা ৯ বার ও তপশিলীরা যতবার খুশি এই পরীক্ষা দিতে পারেন। শূন্যপদ : ১,১০৫টি। এর মধ্যে প্রতিবন্ধীদের জন্য ৩৭টি পদ সংরক্ষিত।

চাকরি হবে এইসব ক্যাডারে : (১) ইন্ডিয়ান অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস, (২) ইন্ডিয়ান ফরেন সার্ভিস, (৩) ইন্ডিয়ান পুলিশ সার্ভিস, (৪) পি অ্যান্ড টি অ্যাকাউন্টস অ্যান্ড ফিনান্স সার্ভিস-গ্রুপ-A, (৫) ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্ট সার্ভিস-গ্রুপ-A, (৬) ইন্ডিয়ান ডিফেন্স অ্যাকাউন্টস সার্ভিস -গ্রুপ-A, (৭) ইন্ডিয়ান রেভিনিউ সার্ভিস (আই.টি.)-গ্রুপ-A, (৮) ইন্ডিয়ান সিভিল অ্যাকাউন্টস সার্ভিস-গ্রুপ -A, (৯) ইন্ডিয়ান পোস্টাল সার্ভিস - গ্রুপ -A, (১০) ইন্ডিয়ান রেলওয়ে প্রোটেকশন ফোর্স সার্ভিস - গ্রুপ-A, (১১) ইন্ডিয়ান ডিফেন্স এস্টেটস সার্ভিস- গ্রুপ -A, (১২) ইন্ডিয়ান ইনফর্মেশন সার্ভিস (জুনিয়র গ্রেড)-গ্রুপ -A, (১৩) ইন্ডিয়ান ট্রেড সার্ভিস-গ্রুপ-A, (১৪) ইন্ডিয়ান কর্পোরেট ল' সার্ভিস- গ্রুপ-A, (১৫) আর্মড ফোর্সেস হেড কোয়ার্টার্স সিভিল-গ্রুপ-B, (১৬) ইন্ডিয়ান পি অ্যান্ড টি অ্যাকাউন্টস অ্যান্ড ফিনান্স সার্ভিস- গ্রুপ-A, (১৭) দিল্লি ও আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জের সিভিল সার্ভিস - গ্রুপ-B, (১৮) দিল্লি ও আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জের পুলিশ সার্ভিস, গ্রুপ -B. (১৯) পন্ডিচেরী সিভিল সার্ভিস, গ্রুপ -B. এছাড়াও অন্যান্য পদে। এই পদের বিজ্ঞপ্তি নং : 05/2023-CSP dated : 01.02.2023.

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশন। ২০২৩ সালের সিভিল সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে। প্রথমে হবে প্রিলিমিনারি পরীক্ষা, ২৮ মে। এইসব কেন্দ্রে : কলকাতা, শিলিগুড়ি, কটক, গ্যাংটক, রাঁচী, পটনা, দিসপুর (গুয়াহাটি), ত্রিপুরা, আগরতলা, আইজল, শিলঙ ও পোর্ট ব্লেয়ারে।

প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের মোট ৪০০ নম্বরের ২টি পেপারের পরীক্ষা হবে। প্রথম পেপারে থাকবে এইসব বিষয় : (১) জাতীয় ও আন্তর্জাতিক বিষয়ের ওপর সাম্প্রতিক ঘটনা, (২) ভারতীয় ইতিহাস ও ভারতের স্বাধীনতা সংগ্রাম, (৩) ভারতীয় ও বিশ্বের ভূগোল — শারীরিক, সামাজিক, অর্থনৈতিক ভূগোল, (৪) ভারতীয় রাষ্ট্রনীতি ও তাৎপর্য — সংবিধান, পলিটিক্যাল সিস্টেম, পঞ্চায়েতী রাজ, পাবলিক পলিসি, অধিকার ইত্যাদি, (৫) অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন — দীর্ঘস্থায়ী উন্নয়ন, দারিদ্র, অন্তর্ভুক্তিকরণ, প্রাকৃতিক বৈচিত্র্য, সামাজিক ক্ষেত্রে উদ্যোগ (৬) পরিবেশগত ভারসাম্য, আবহাওয়ার পরিবর্তন ও জীব বৈচিত্র্য বিষয়ক (৭) সাধারণ বিজ্ঞান।

দ্বিতীয় পেপারে থাকবে এইসব বিষয় : (১) কমপ্রিহেনশন, (২) জনসংযোগ দক্ষতা-সহ ব্যক্তিত্ব দক্ষতা, (৩) লজিক্যাল রিজনিং ও অ্যানালিটিক্যাল এবিলিটি, (৪) সিদ্ধান্ত নেওয়া ও সমস্যার সমাধান, (৫) জেনারেল মেন্টাল এবিলিটি, (৬) বেসিক নিউমারেসি (সংখ্যা ও তার সম্পর্ক, দ্রাঘিমাংশ) (মাধ্যমিক লেভেল), ডাটা ইন্টারপ্রিটেশন (চার্ট, গ্রাফ, টেবিল, ডাটা সাফিসিয়েন্সি - মাধ্যমিক লেভেল), (৭) ইংলিশ ল্যাঙ্গোয়েজ কম্প্রিহেনশন স্কিল (মাধ্যমিক লেভেল)। প্রতিটি পেপারে ২০০ নম্বরের পরীক্ষা হবে। সময় থাকবে ২ ঘন্টা। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.৩৩ নম্বর কাটা হবে।

প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে মোট শূন্যপদের ১২-১৩ গুণ প্রার্থীকে মেন পরীক্ষার জন্য ডাকা হবে। মেন পরীক্ষায় থাকবে মোট ২৬২৫ নম্বর (কোয়ালিফাইং পেপার ৬০০ নম্বর, মেধাভিত্তিক ১৭৫০ নম্বরের ৭টি পেপার, পার্সোন্যালিটি টেস্ট ২৭৫ নম্বর)।

৬০০ নম্বরের কোয়ালিফাইং পেপার আছে এই ২টি : (১) প্রথম পত্র : ভারতীয় ভাষার যে কোনো একটি ভাষা পেপার - ৩০০ নম্বর, (২) দ্বিতীয় পত্র : ইংরিজি - ৩০০ নম্বর।

এছাড়াও মেধা ভিত্তিক পেপারগুলি হল : (১) প্রথম পত্র : প্রবন্ধ লেখা -২৫০ নম্বর, (২) দ্বিতীয় পত্র : জেনারেল স্টাডিজ-। (ভারতীয় ঐতিহ্য ও সংস্কৃতি, বিশ্বের ভূগোল ও বিশ্বের ইতিহাস) - ২৫০ নম্বর, (৩) তৃতীয় পত্র : জেনারেল স্টাডিজ -।। (সংবিধান, রাষ্ট্রনীতি, সামাজিক বিচার ও আন্তর্জাতিক সম্পর্ক) - ২৫০ নম্বর, (৪) চতুর্থ পত্র : জেনারেল স্টাডিজ -।।। (প্রযুক্তি, অর্থনৈতিক উন্নয়ন, বায়ো-ডাইভারসিটি, এনভায়রণমেন্ট, সিকিউরিটি অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট) - ২৫০ নম্বর, (৫) পঞ্চম পত্র : জেনারেল স্টাডিজ -IV (এথিক্স, ইন্টিগ্রিটি ও অ্যাপ্টিটিউট) - ২৫০ নম্বর, (৬) ষষ্ঠ পত্র : ঐচ্ছিক বিষয়ের প্রথম পত্র - ২৫০ নম্বর। (৭) সপ্তম পত্র : ঐচ্ছিক বিষয়ের দ্বিতীয় পত্র - ২৫০ নম্বর।

মেনস-এ ৯টি পেপারের পরীক্ষা হবে ডেসক্রিপ্টিভ টাইপের।

ঐচ্ছিক বিষয় বাছতে হবে এইসব বিষয় থেকে : অ্যাগ্রিকালচার, অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, অ্যানথ্রোপলজি, বটানি, কেমিস্ট্রি, সিভিল ইঞ্জিনিয়ারিং, কমার্স অ্যান্ড অ্যাকাউন্ট্যান্সি, অর্থনীতি, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ভূগোল, জিওলজি, ইতিহাস, আইন, ম্যানেজমেন্ট, অঙ্ক, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেডিক্যাল সায়েন্স, দর্শন, ফিজিক্স, রাষ্ট্রবিজ্ঞান ও ইন্টারন্যাশনাল রিলেশন্স, সাইকোলজি, পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, সোশিওলজি, জুলজি, স্ট্যাটিস্টিক্স। উত্তর দিতে পারবেন বাংলা, ইংরিজি, আসামী, ওড়িয়া, দেবনাগরী বা, অলচিকি ভাষা-সহ অন্যান্য ২২টি আঞ্চলিক ভাষায়। ঐচ্ছিক বিষয়ের প্রতিটিতে থাকবে ৩ ঘন্টা সময়।

ঐচ্ছিক বিষয় হিসাবে এই কম্বিনেশন বিষয় নিতে পারবেন না : (১) রাষ্ট্রবিজ্ঞান অ্যান্ড ইন্টারন্যাশনাল রিলেশন্স ও পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, (২) কমার্স অ্যান্ড অ্যাকাউন্ট্যান্সি আর ম্যানেজমেন্ট, (৩) অ্যানথ্রোপলজি ও সোশিওলজি, (৪) অঙ্ক ও স্ট্যাটিস্টিক্স, (৫) অ্যাগ্রিকালচার ও অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, (৬) ম্যানেজমেন্ট অ্যান্ড পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, (৭) সিভিল, ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (একটির বেশি বিষয় নয়), (৮) অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স ও মেডিক্যাল সায়েন্স।

'মেন' পরীক্ষায় সফল হলে ২৭৫ নম্বরের ইন্টারভিউ। চূড়ান্ত তালিকা তৈরির সময় প্রিলিমিনারি পরীক্ষার পাওয়া নম্বর ধরা হবে না।

দরখাস্ত করবেন অনলাইনে, ২১ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : http://www.upsconline.nic.in / www.upsc.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাসপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান (৪০ কে.বি.'র বেশি হবে না, এর মধ্যে ফটো ৩০ কে.বি. ও সিগনেচার ১০ কে.বি. হতে হবে) করে নিয়ে যাবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে পরীক্ষা ফী বাবদ ১০০ (তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না) টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় নগদে জমা দিতে পারবেন ২১ ফেব্রুয়ারির মধ্যে। এছাড়াও নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে কিংবা ভিসা বা, মাস্টার ক্রেডিট /ডেবিট কার্ডে জমা দিতে পারবেন, ২১ ফেব্রুয়ারির মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। ফর্ম পূরণ করার পর কোনো ভুল হয়ে থাকলে তা এডিট করতে পারবেন ২২ ফেব্রুয়ারি থেকে ২৮ ফেব্রুয়ারির মধ্যে।

# সাম্প্রতিক ঘটনাপ্রবাহ প্রতিবেদন

গত সপ্তাহের পর ▶

**১৬ জানুয়ারি** : 'আয়না লেখনি' (মিরর রাইটিং) অর্থাৎ, বই দেখে দেখে শেষ থেকে শুরু পর্যন্ত টাইপিং করে তোলি ৮২টি বই লিখে 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়লেন ইতালির বাসিন্দা ৬০ বছর বয়সি মাইকেল স্যাভেলিয়া। তিনি প্রথমে এই বইগুলি আয়নার সামনে রেখে লেখনির একটি করে উল্টো প্রতিবিম্ব তৈরি করে নিয়েছিলেন। তারপর তা দেখে দেখে টাইপ করেছেন। হায়ারোগ্লিফিক্স থেকে শুরু করে প্রাচীন গ্রিক, চাইনিজ, মায়ান, এট্রুসকান, কিউনিফর্ম - নানা ভাষায় উল্টো দিকে টাইপ করেছেন তিনি।

❑ সর্বকনিষ্ঠ ও প্রথম সমকামী মহিলা হিসাবে, মার্কিন যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার ওকল্যান্ড সিটি কাউন্সিলের সদস্য হলেন ৩০ বছর বয়সি ভারতীয়-মার্কিন আইনজীবী জন্মী রামচন্দ্রন। ওকল্যান্ড সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্ট-৪'এর সদস্য হিসাবে শপথ নিয়েছেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগে, ওকল্যান্ড পাব্লিক এথিক্স কমিশন সিটিতে কমিশনার হিসাবে দায়িত্ব পালন করেছেন তিনি।

❑ ৬০ বছরের মধ্যে, এই প্রথমবারের মতো রেকর্ড হারে জনসংখ্যা কমল বিশ্বের সবথেকে জনবহুল দেশ চিনে। ২০২২ সালের শেষে দেশটির মোট জনসংখ্যা দাঁড়িয়েছে ১৪১ কোটি ১৮ লাখে, যা ২০২১ সালের তুলনায় ৮ লাখ ৫০ হাজার কম। ২০২২ সালে দেশটিতে জন্ম নিয়েছে ৯০ লাখ ৫৬ হাজার শিশু আর ওই একই সময়ে মারা গিয়েছেন ১ কোটি ৪১ হাজার মানুষ। বিশ্লেষকদের দাবি, জীবনযাত্রার খরচ বেড়ে যাওয়া, বেশিরভাগ মহিলাদের কর্মক্ষেত্রে যাওয়া ও উচ্চশিক্ষার প্রতি ঝোঁক থাকার বিষয়গুলি জনসংখ্যা বেড়ে যাওয়ার বিষয়টি ধীর করে দিয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, শেষবার চিনের জনসংখ্যা কমেছিল ১৯৬০ সালে। ওই বছর মাও সে তুংয়ের বিপর্যয়কর কৃষি নীতি 'গ্রেট লিপ ফরওয়ার্ড'এর কারণে দুর্ভিক্ষের কবলে পড়েছিল দেশটির মানুষ। এরপর দেশটিতে জনসংখ্যা বাড়তে থাকে।

❑ বন্যপ্রাণী (সুরক্ষা) আইন, ১৯৭২'এর তফশিল III'এর অধীনে 'নীলকুরিঞ্জি'কে (*Strobilanthes Kunthiana*) সংরক্ষিত উদ্ভিদের তালিকাভুক্ত করল কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক। পরিবেশ মন্ত্রক জানিয়েছে, যারা গাছটি উপড়ে ফেলবে বা ধ্বংস করবে তাদের ২৫,০০০ টাকা জরিমানা ও ৩ বছরের কারাদণ্ড দেওয়া হবে। প্রসঙ্গত উল্লেখ্য, নীলকুরিঞ্জি হল একটি গ্রীষ্মমণ্ডলীয় উদ্ভিদ প্রজাতি, যা মূলত ভারতের নীলগিরি এলাকা, তামিলনাড়ু, কর্ণাটক ও কেরালা অঞ্চলে দেখতে পাওয়া যায়। নীল রঙের এই ফুলটি সুগন্ধীযুক্ত, যার ফলে মৌমাছি ও অন্যান্য কীটপতঙ্গ আকৃষ্ট হয়।

❑ এই প্রথমবার, মঙ্গল গ্রহের চৌম্বকক্ষেত্রে একাধিক বিচ্ছিন্ন একাকী তড়িৎক্ষেত্রের খোঁজ পেলেন ভারতীয় বিজ্ঞানীরা। ল্যাংমিওর প্রোব ও 'নাসা'র 'মার্স অ্যাটমোস্ফিয়ার অ্যান্ড ভোলাটাইল ইভোলিউশন' মহাকাশযানের সংগৃহীত তথ্য বিশ্লেষণ করে মঙ্গলের চৌম্বকক্ষেত্রে এই আলাদা স্রোত চিহ্নিত করেছেন 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ জিওম্যাগনেটিজম'এর বিজ্ঞানীরা। ২০১৫ সালের ফেব্রুয়ারিতে, ৫ বার মঙ্গলের পাশ দিয়ে গেছে এই 'ম্যাভেন' মহাকাশযান আর তাতে ৪৫০টি বিচ্ছিন্ন স্রোত লক্ষ্য করেছে সেটি। পৃথিবী ও অন্যান্য গ্রহের চারপাশে থাকা আয়নিত কণার স্রোতে বিভিন্ন তড়িৎচুম্বকীয় ও স্থিরতড়িৎ স্রোত দেখতে পাওয়া যায়। এই ধরনের আয়নিত কণার স্রোত নিয়ে বহু গবেষণা চলছে। 'দ্য অ্যাস্ট্রোফিজিক্যাল জার্নাল'এ এই সংক্রান্ত গবেষণাপত্রটি প্রকাশিত হয়েছে।

❑ পাক-ই-স্তানি জঙ্গী নেতা আব্দুল রেহমান মাক্কি'কে 'আন্তর্জাতিক সন্ত্রাসবাদী'র তকমা দিল রাষ্ট্রসঙ্ঘের নিরাপত্তা পরিষদ।

❑ মহিলাদের আইপিএল সম্প্রচারের স্বত্ব জিতে নিল রিলায়েন্সের মালিকানাধীন 'ভায়াকম ১৮ প্রাইভেট লিমিটেড'। ৫ বছরের (২০২৩-'২৭) জন্য, ৯৫১ কোটি টাকায় এই সম্প্রচার স্বত্ব কিনল তারা। অর্থাৎ, ম্যাচপিছু ৭.০৯ কোটি টাকায় বিক্রি হয়েছে এই সম্প্রচার স্বত্ব। প্রসঙ্গত টুর্নামেন্ট, ৪ মার্চ থেকে ২৬ মার্চ পর্যন্ত হবে [illegible] মহিলাদের আইপিএল।

**১৭ জানুয়ারি** : ১ বছরের জন্য, জাতীয় নিরাপত্তা পরিষদ সচিবালয়ে উপ-জাতীয় নিরাপত্তা উপদেষ্টা হিসাবে নিযুক্ত হলেন পঙ্কজ কুমার সিং।

❑ ২০২২ সালে 'গাজা ক্যাপিটাল বিজনেস বুক প্রাইজ' পেলেন সাংবাদিক লেখক হরিশ দামোদরন। 'Broke to Breakthrough : The Rise of India's Largest Private Dairy Company' বইটির জন্য এই পুরস্কার পেলেন তিনি।

❑ প্রথমবারের মতো একটি এক্সোপ্ল্যানেট আবিষ্কার করল বিশ্বের বৃহত্তম ও সবথেকে শক্তিশালী 'জেমস ওয়েব স্পেস টেলিস্কোপ'। এই এক্সোপ্ল্যানেট বা সৌরজগতের বাইরের গ্রহটির নাম 'এলএইচএস ৪৭৫বি'। মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা 'নাসা'র গবেষকরা এই তথ্য জানিয়েছেন। পৃথিবী থেকে প্রায় ৪১ আলোকবর্ষ দূরের এই গ্রহটির আকার প্রায় আমাদের পৃথিবীর সমান। এর ব্যাস পৃথিবীর প্রায় ৯৯%। জেমস ওয়েবের নিয়ার-ইনফ্রারেড স্পেকট্রোগ্রাফের সাহায্যে সহজে ও স্পষ্টভাবে গ্রহটির ছবি তোলা সম্ভব হয়েছে। পৃথিবী থেকে ৪১ আলোকবর্ষ দূরে অবস্থিত এই গ্রহটি, ছোট আকৃতিবিশিষ্ট পাথুরে জমিতে ভরতি। পৃথিবী থেকে এটি কয়েকশো ডিগ্রি বেশি উষ্ণ ও দু'দিনে তার কক্ষপথ পূর্ণ করে। প্রসঙ্গত উল্লেখ্য, আমাদের এই সৌরজগতের বাইরেও অসংখ্য সৌরজগত রয়েছে। আমাদের সূর্যের মতো কোনো নক্ষত্রকে প্রদক্ষিণ করছে একাধিক গ্রহ। অন্য সৌরজগতের ওইসব গ্রহকেই বলা হয় 'এক্সোপ্ল্যানেট'। এদের খালি চোখে দেখা যায় না। শুধুমাত্র অতি শক্তিশালী টেলিস্কোপের মাধ্যমেই এদের অস্তিত্ব জানা সম্ভব।



নিউজিল্যান্ডের বিরুদ্ধে প্রথম একদিনের ম্যাচে খেলতে নেমে দ্বিশতরান করলেন ভারতীয় ওপনার শুভমান গিল। সেইসঙ্গে গড়লেন একাধিক নজির। সবথেকে কম বয়সি (২৩ বছর ১৩২ দিন) পুরুষ ক্রিকেটার হিসাবে দ্বিশতরান করার নজির গড়লেন তিনি। ভাঙলেন আরও ২ ভারতীয় ক্রিকেটারের নজির। ১০ ডিসেম্বরের আগে পর্যন্ত, কনিষ্ঠতম ক্রিকেটার হিসাবে দ্বিশতরানের তালিকায় ১ নম্বরে ছিলেন রোহিত শর্মা। ২০১৩ সালে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে বেঙ্গালউরুতে দ্বিশতরান করার সময় রোহিতের বয়স ছিল ২৬ বছর ১৮৬ দিন। ২০২২ সালের ১০ ডিসেম্বর, বাংলাদেশের বিরুদ্ধে দ্বিশতরান করে সেই নজির ভেঙে দেন ঈশান কিশান। ২৪ বছর ১৪৫ দিন বয়সে দ্বিশতরান করেন তিনি। এদিন, ১৪৯ বলে ২০৮ রান করেন শুভমান। স্ট্রাইক রেট ছিল ১৩৯.৬০। তাঁর ইনিংসে ছিল ১৯টি চার ও ৯টি ছয়। এতদিন নিউজিল্যান্ডের বিরুদ্ধে একদিনের ম্যাচে এক ইনিংসে সবথেকে বেশি রান করেছিলেন শচীন তেন্ডুলকর (১৮৬)। এবার সেই নজিরও ভেঙে দিলেন শুভমান।

❑ ১১৮ বছর ৩৪০ দিন বয়সে মারা গেলেন বিশ্বের প্রবীণতম ব্যক্তি ফরাসি সন্ন্যাসিনী লুসিল রাঁদোঁ। ১৯৪৪ সালে সন্ন্যাস গ্রহণ করেন লুসিল। সেই থেকে সিস্টার আঁদ্রে নামে পরিচিত ছিলেন। ১৯০৪ সালের ১১ ফেব্রুয়ারি দক্ষিণ ফ্রান্সে জন্ম হয় লুসিলের। ২০২১ সালে কোভিডে আক্রান্ত হয়েছিলেন তিনি। তখন প্রবীণতম ব্যক্তি হিসাবে কোভিড থেকে সুস্থ হয়ে রেকর্ড গড়েছিলেন তিনি।

❑ ২০২৫ সালের মধ্যে ভারতের প্রথম সবুজ শক্তি রাজ্য হিসাবে ওঠার লক্ষ্যমাত্রা নিল হিমাচল প্রদেশ সরকার। রাজ্যের মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং সুখু এক বৈঠকে একথা জানিয়েছেন। হাইড্রোজেন ও সৌর শক্তি ব্যবহার করে এই লক্ষ্যমাত্রা তারা অর্জন করবে বলে জানানো হয়েছে।

❑ ছাত্রীদের জন্য এবার বড় পদক্ষেপ নিল 'কেরল বিশ্ববিদ্যালয়'। এবার থেকে কেরলের 'মহাত্মা গান্ধী বিশ্ববিদ্যালয়'এর ১৮ বছর বয়সি ও তার ঊর্ধ্বে গর্ভবতী ছাত্রীরা ৬০ দিনের মাতৃত্বকালীন ছুটি পাবেন। এজন্য তাঁদের শিক্ষাবর্ষে কোনো ছেদ পড়বে না। গর্ভবতী অবস্থায় বা সন্তান প্রসবের পর যেকোনো সময় ছুটি নিতে পারবেন ছাত্রী। এছাড়া, গর্ভপাত করালেও ১৪ দিনের ছুটিও পাওয়া যাবে বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

❑ 'ন্যাশনাল স্পোর্টস ক্লাব অফ ইন্ডিয়া' স্নুকার ওপেন জিতলেন 'পেট্রোলিয়াম স্পোর্টস প্রোমোশন বোর্ড'এর লক্ষ্মণ রাওয়াত। আদিত্য মেহতাকে ৯-৬ ব্যবধানে হারিয়ে, এই খেতাব জিতলেন তিনি। ২-৩ বছর পর, এটিই হল রাওয়াতের প্রথম বড় শিরোপা।

**১৮ জানুয়ারি** : 'ইউনাইটেড নেশনস এনভায়রনমেন্ট প্রোগ্রাম'এর এক্সিকিউটিভ ডিরেক্টর হিসাবে আবার নিযুক্ত হলেন ইঙ্গার অ্যান্ডারসেন।

❑ বিরল কমলা রঙের বাদুড়ের খোঁজ মিলল ছত্তিশগড়ের কাঙ্গের উপত্যকা জাতীয় উদ্যানে, যার নাম 'পেইন্টেড ব্যাট'। পারালি বোড়াল গ্রামের এক কলা বাগান থেকে বাদুড়টিকে উদ্ধার করা হয়। এটির বৈজ্ঞানিক নাম '*Kerivoula Picta*'। এর আগে, ২০২০ ও ২০২২ সালে এই বনাঞ্চল থেকে আরও ২টি পেইন্টেড বাদুড় উদ্ধার করা হয়েছিল। এই প্রজাতির বাদুড়ের গায়ের রং উজ্জ্বল কমলা ও ডানার রং কালো। পিঠে থাকে ঘন কমলা রঙের লোম ও পেটের দিকে থাকে নরম চামড়া। এদের কানদু'টি বড়, যারা কলা পাতার নীচে বাসা বাঁধতে পছন্দ করে। এই বাদুড়গুলি উড়তে উড়তে পোকামাকড় ধরে খায়। প্রসঙ্গত উল্লেখ্য, একসময় ভারত, বাংলাদেশ, মায়ানমার, কম্বোডিয়া, চিন, ইন্দোনেশিয়া, নেপাল, শ্রীলঙ্কা, থাইল্যান্ড ও ভিয়েতনামে প্রচুর পরিমাণে দেখা যেত এই প্রাণী। কিন্তু সংখ্যা কমতে কমতে এখন এরা প্রায় অবলুপ্তির পথে এসে দাঁড়িয়েছে।



নিউজিল্যান্ডের বিরুদ্ধে প্রথম একদিনের ম্যাচে খেলতে নেমে এক অনন্য নজির গড়লেন রোহিত শর্মা। দেশের মাটিতে একদিনের ক্রিকেটে সবথেকে বেশি ছক্কা হাঁকানোর নজির গড়লেন তিনি। সেইসঙ্গে ভেঙে দিলেন কিংবদন্তি মহেন্দ্র সিং ধোনির রেকর্ড। এদিন, হেনরি শিপলের একটি ডেলিভারি এক্সট্রা কভারের ওপর দিয়ে গ্যালারিতে ফেলে দিয়ে এই নতুন কীর্তি গড়লেন তিনি। ভারতের মাটিতে একদিনের ক্রিকেটে ১২৩টি ছক্কা মেরেছিলেন ধোনি। সেটাই ছিল এতদিন ভারতের মাটিতে একদিনের ক্রিকেটে মারা সবথেকে বেশি ছক্কার নজির। এদিন, উদ্বোধনী ম্যাচের তৃতীয় ওভারে ছক্কা মারার পরে ভারতের মাটিতে রোহিতের ওয়ান ডে ছক্কার সংখ্যা দাঁড়ায় ১২৪টি। পরে ইনিংসের পঞ্চম ওভারে আবার শিপলেকে ছয় মারেন তিনি। ফলে, দেশের মাটিতে রোহিতের ওয়ান ডে ছক্কার সংখ্যা বেড়ে দাঁড়ায় ১২৫টি। এই নিরিখে তালিকায় তৃতীয় স্থানে রয়েছেন কিংবদন্তি শচীন তেন্ডুলকর। ভারতের মাটিতে ওয়ান ডে খেলতে নেমে মোট ৭১টি ছক্কা মেরেছেন তিনি। সার্বিকভাবে একদিনের ক্রিকেটে সবথেকে বেশি ছক্কা মারা ক্রিকেটারদের তালিকায় ৪ নম্বরে রয়েছেন রোহিত। ২৩৯টি একদিনের আন্তর্জাতিক ম্যাচের ২৩২টি ইনিংসে মোট ২৬৫টি ছক্কা মেরেছেন তিনি। একদিনের ক্রিকেটে সবথেকে বেশি (৩৫১টি) ছক্কা মেরেছেন শাহিদ আফ্রিদি। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছেন যথাক্রমে ক্রিস গেইল (৩৩১টি) ও সনৎ জয়সূর্য (২৭০টি)।

## আইসিসি মহিলাদের অনূর্ধ্ব-১৯ টোয়েন্টি-২০ বিশ্বকাপ — ২০২৩



২৯ জানুয়ারি, ইংল্যান্ডকে ৭ উইকেটে হারিয়ে এবছর আইসিসি মহিলাদের অনূর্ধ্ব-১৯ টোয়েন্টি-২০ বিশ্বকাপে চ্যাম্পিয়ন হল ভারত। এবছরই প্রথম শুরু হয়েছে মহিলাদের অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ আর প্রথম সংস্করণেই চ্যাম্পিয়ন হয়ে ইতিহাস গড়ল ভারত। একনজরে বিশ্বকাপ সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য।

❑ **আয়োজক দেশ** : দক্ষিণ আফ্রিকা। ❑ **চ্যাম্পিয়ন** : ভারত। ❑ **রানার্স আপ** : ইংল্যান্ড।

❑ **অংশগ্রহণকারী দল** : ১৬টি। ❑ **ম্যাচ সংখ্যা** : ৪১টি। ❑ **টুর্নামেন্টের সেরা খেলোয়াড়** : ইংল্যান্ডের গ্রেস স্ক্রাইভেনস।

❑ **ফাইনাল ম্যাচের সেরা খেলোয়াড়** : তিতাস সাধু (ভারত)।

❑ **সবথেকে বেশি রান** : ভারতের শ্বেতা সেহরাওয়াত (২৯৭)।

❑ **সবথেকে বেশি উইকেট** : অস্ট্রেলিয়ার ম্যাগি ক্লার্ক (১২)।

❑ **ভারতের অধিনায়ক** : শেফালি ভার্মা। ❑ **ভারতীয় দলের প্রধান কোচ** : নওশিন আল খাদির।

❑ **ভারতীয় দলের জন্য ঘোষিত পুরস্কার মূল্য** : ৫ কোটি টাকা।


## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

## সাপ্তাহিক সংবাদ পরিক্রমা

❑ সব ধরনের ক্রিকেট থেকে অবসর নিলেন দক্ষিণ আফ্রিকার ক্রিকেটার হাসিম আমলা।

❑ 'মার্টিন লুথার কিং গ্র্যান্ড প্যারেড বিশেষ পুরস্কার' পেলেন ভারতীয়-মার্কিনি কৃষ্ণ ভাভিলালা। মার্কিন যুক্তরাষ্ট্রের মূলধারার সঙ্গে ভারতীয় প্রবাসীদের সংযুক্ত করার ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য এই পুরস্কার পেলেন তিনি। হিউস্টনের বাসিন্দা ভাভিলালা, 'ফাউন্ডেশন অফ ইন্ডিয়া স্টাডিজ'এর প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান।

❑ ২০২৩ সালে 'ব্র্যান্ড গার্ডিয়ানশিপ ইনডেক্স'এ ভারতীয়দের মধ্যে প্রথম ও বিশ্বব্যাপী দ্বিতীয় স্থান পেলেন ভারতীয় বিলিওনেয়র মুকেশ আম্বানি। বিশ্বব্যাপী প্রথম স্থানে রয়েছেন 'এনভিদিয়া'র চিফ এক্সিকিউটিভ অফিসার জেনসেন হুয়াং। প্রসঙ্গত উল্লেখ্য, এই তালিকায় তৃতীয় স্থানে রয়েছেন 'মাইক্রোসফট'এর চিফ এক্সিকিউটিভ অফিসার সত্য নাদেলা।

❑ নয়াদিল্লির বিজ্ঞান মঞ্চে, ২০২২ সালের জন্য 'বর্ষসেরা বিশিষ্ট বিজ্ঞানী'র শিরোপা পেলেন আর.বিষ্ণু প্রসাদ। 'ইন্ডিয়ান অ্যাচিভার্স পুরস্কার' পেলেন তিনি। এখনও পর্যন্ত তাঁর নামে ৬৯টি পেটেন্ট নিবন্ধিত হয়েছে। স্মার্ট সিটি, কঠিন বর্জ্য ব্যবস্থাপনা, স্বচ্ছ ভারত অভিযান-সহ বিভিন্ন প্রকল্পে অবদান রেখেছেন বিষ্ণু প্রসাদ। প্রসঙ্গত উল্লেখ্য, সংস্কৃতি, বিজ্ঞান, খেলাধুলা ও উদ্ভাবন-সহ বিভিন্ন ক্ষেত্রে অসামান্য উদ্যোগের জন্য এই পুরস্কার দেওয়া হয়।

❑ ২০২১-'২২ সালের জন্য, বাহরাইনের শীর্ষ বেসামরিক 'আইএসএ পুরস্কার' পেলেন নেপালের চক্ষু বিশেষজ্ঞ তথা 'হিমালয়ান ক্যাটারাক্ট প্রকল্প'এর সহ-প্রতিষ্ঠাতা ড.সান্দুক রুট। মানবতার জন্য এই পুরস্কার পেলেন তিনি। পুরস্কার হিসাবে তাঁকে দেওয়া হয়েছে নগদ ১ মিলিয়ন মার্কিন ডলার, একটি শংসাপত্র ও একটি সোনার পদক।

**১৯ জানুয়ারি :** নিক ওয়ালকের'কে নতুন চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নির্বাচন করল বেদান্ত'র কেয়ার্ন অয়েল অ্যান্ড গ্যাস।



**'জ্ঞানপীঠ পুরস্কার'প্রাপ্ত প্রখ্যাত অসমীয়া ভাষার কবি নীলমনি ফুকন (৮৯ বছর) মারা গেলেন। ২০২০ সালে ৫৬ তম 'জ্ঞানপীঠ পুরস্কার' পান তিনি। এছাড়াও, ১৯৯০ সালে 'পদ্মশ্রী' পুরস্কার পান তিনি।**

❑ কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনে, 'জাতীয় স্বাস্থ্য কর্তৃপক্ষ'এর (আয়ুষ্মান ভারত ডিজিটাল মিশন) ডিরেক্টর হলেন প্রবীণ শর্মা।

❑ প্রথম ভারতীয়-মার্কিনি রাজনীতিবিদ হিসাবে, মার্কিন যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ড রাজ্যের লেফটেন্যান্ট গভর্নর হলেন অরুণা মিলার।

❑ নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগের ঘোষণা করলেন জেসিন্ডা আরডার্ন। ৭ ফেব্রুয়ারি পদত্যাগ করবেন তিনি। ২০১৭ সালে মাত্র ৩৭ বছর বয়সে নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী নির্বাচিত হন তিনি। সেসময় তিনিই ছিলেন বিশ্বের সর্বকনিষ্ঠ মহিলা প্রধানমন্ত্রী।

❑ 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড'এর বিচারে, বিশ্বের সবথেকে বয়স্ক জীবিত ব্যক্তির শিরোপা পেলেন ১১৫ বছর ৩৩১ দিন বয়সী মার্কিনি বংশোদ্ভূত স্প্যানিশ মহিলা মারিয়া ব্রানিয়াস মোরেরা। ১৯০৭ সালের ৪ মার্চ তাঁর জন্ম হয়। এখন উত্তর-পূর্ব স্পেনের ওলোট শহরে পরিবারের সঙ্গে থাকেন তিনি। ১১৫ বছরের জীবনে, ১৯১৮ সালের স্প্যানিশ ফ্লু অতিমারি, দুই বিশ্বযুদ্ধ ও স্পেনের গৃহযুদ্ধের সাক্ষী থেকেছেন তিনি।

❑ 'বিশ্বব্যাঙ্ক'এর রিপোর্ট অনুযায়ী, দক্ষিণ এশিয়ার সব দেশের মধ্যে সবথেকে দুর্বল অর্থনীতির তকমা পেল পাক-ই-স্তান। যেকোনো দেশের অর্থনীতির ন্যূনতম ভারসাম্য ধরে রাখতে হলে দেশটির কেন্দ্রীয় ব্যাঙ্কে অন্তত ৩ মাসের আমদানি ব্যয় মেটানোর মতো ডলারের মজুত থাকতে হয়। পাক-ই-স্তানের কেন্দ্রীয় ব্যাঙ্কে এখন আছে মাত্র ৪ কোটি ৬০ লাখ ডলার। এই পরিমাণ অর্থ দিয়ে মাত্র ৩ সপ্তাহের আমদানি ব্যয় মেটানো সম্ভব। এই অবস্থা চলতে থাকলে, চলতি আর্থিক বছরে দেশটির অর্থনৈতিক বৃদ্ধি আরও ২% কমবে বলে রিপোর্টে আশঙ্কা করা হয়েছে।

**২০ জানুয়ারি :** ২০২৩ সালে আইএসএসএফ 'শ্যুটিং বিশ্বকাপ'এ প্রশাসক হিসাবে নিযুক্ত হলেন 'সুপ্রিম কোর্ট'এর অবসরপ্রাপ্ত বিচারপতি আর্জন কুমার সিক্রি।

❑ ব্র্যান্ড ভ্যালুয়েশন কন্সালট্যান্সি 'ব্র্যান্ড ফাইন্যান্স'এর তরফ থেকে করা 'গ্লোবাল ৫০০-২০২৩' রিপোর্ট অনুযায়ী, 'অ্যাপল'কে ছাড়িয়ে, বিশ্বের সবথেকে মূল্যবান ব্র্যান্ডে পরিণত হল বিলিওনেয়র জেফ বেজোসের ই-কমার্স কোম্পানি 'আমাজন'।

❑ ভারতের প্রথম কেন্দ্রশাসিত অঞ্চল হিসাবে সম্পূর্ণরূপে ডিজিটাল মাধ্যমে পরিণত হল জম্মু ও কাশ্মীর। এখন থেকে জম্মু ও কাশ্মীরের সব সরকারি ও প্রশাসনিক পরিষেবা শুধুমাত্র ডিজিটাল মাধ্যমে দেওয়া হচ্ছে। জনগণকে অনলাইন মাধ্যমে আকৃষ্ট করতে এই উদ্যোগ নেওয়া হয়েছে। এর উদ্যোগের ফলে, জনগণ সরকারি অফিসে না গিয়ে বাড়িতে বসেই যেকোনো সময় ডিজিটালভাবে সরকারি পরিষেবা নিতে পারবেন।

❑ 'নেটফ্লিক্স' কোম্পানির চিফ এক্সিকিউটিভ অফিসার পদ থেকে পদত্যাগ করলেন রিড হেস্টিংস।

❑ ২০২২ সালে 'ইনক্লুসিভ ফিনান্স ইন্ডিয়া পুরস্কার' পেল 'ইএসএএফ স্মল ফিনান্স ব্যাঙ্ক'। আর্থিক অন্তর্ভুক্তির লক্ষ্যকে এগিয়ে নিয়ে যেতে ও অন্তর্ভুক্তিমূলক বৃদ্ধিকে সমর্থন করার ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য এই পুরস্কার পেল তারা।

❑ সাম্প্রতিক রিপোর্ট অনুযায়ী, গত বছর অনলাইন জালিয়াতির কারণে ক্রিকেটের বিশ্বব্যাপী নিয়ন্ত্রক সংস্থা 'আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল'এর প্রায় ২.৫ মিলিয়ন ডলার ক্ষতি হয়েছে। এই রিপোর্ট অনুযায়ী, মোট ৪ বার প্রতারিত হয়েছে আইসিসি।

❑ ২০২৩ সালে 'বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন'এ পুরুষ বিভাগে চ্যাম্পিয়ন হলেন কেনিয়ার দৌড়বিদ স্ট্যানলে কিপ্রোটিচ বেট।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ানি

# কেন্দ্রীয় বাজেট ২০২৩-'২৪

**১ ফেব্রুয়ারি, সংসদে ২০২৩-'২৪ আর্থিক বছরের জন্য কেন্দ্রীয় বাজেট পেশ করলেন অর্থমন্ত্রী নির্মলা সীতারামন। পরিকাঠামো উন্নয়নে ও কৃষি ক্ষেত্রে উল্লেখযোগ্য মূলধন বরাদ্দ ও আয়কর কাঠামোয় বদল-সহ বেশ কিছু আর্থিক সংস্কারের কথা ঘোষণা করা হয়েছে এদিনের বাজেটে। একনজরে এবছরের বাজেট।**

## বাজেটে যা যা ঘোষণা করা হয়েছে

❑ এবছরের বাজেটে ৭টি (অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন, কৃষিক্ষেত্রে ডিজিটাল পরিকাঠামো, পরিকাঠামো ও বিনিয়োগ, সম্ভাবনার উন্মোচন, গ্রিন গ্রোথ বা স্থিতিশীল বৃদ্ধি, যুবশক্তি ও আর্থিক ক্ষেত্র) ক্ষেত্রকে অগ্রাধিকার দিয়ে 'সপ্তর্ষি'র ঘোষণা।

❑ বার্ষিক ৭ লাখ টাকা পর্যন্ত আয়ে কোনো আয়কর দিতে হবে না।

❑ ৯ লাখ টাকা পর্যন্ত আয়ের ক্ষেত্রে ৪৫ হাজার টাকা কর দিতে হবে।

❑ আয়কর রিটার্ন ব্যবস্থা আরও সরল হল। ৯৩ দিন থেকে কমে হল ১৬ দিন।

❑ ৩০ লাখ টাকা পর্যন্ত সঞ্চয়ে আয়কর ছাড় পাবেন প্রবীণরা।

❑ বিমা ক্ষেত্রে ৫ লাখ টাকার বেশি প্রিমিয়াম হলে করে ছাড় হবে না।

❑ নতুন আর্থিক বছরে আর্থিক ঘাটতি ধরা হয়েছে ৫.৯%। ২০২৫-'২৬ সালে এই ঘাটতি ৪.৫ শতাংশে নিয়ে আসার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

❑ মহিলাদের জন্য 'মহিলা সম্মানপত্র' নামে বিশেষ স্বল্পসঞ্চয়ী প্রকল্পের ঘোষণা করা হয়েছে। এই প্রকল্পে ২ বছরের জন্য ২ লাখ টাকা রাখা যাবে। সুদের হার ৭.৫।

❑ সব রাজ্যকে বিনা সুদে ঋণ দেওয়ার ধারাবাহিকতা বজায় থাকছে।

❑ সরকারি ক্ষেত্রে প্যান কার্ডই হবে সাধারণ পরিচয়পত্র।

❑ আদিবাসী এলাকায় একলব্য মডেল স্কুলে সাড়ে ৩ লাখ আদিবাসী ছাত্রছাত্রীর জন্য ৩৮,৮০০ শিক্ষক নিয়োগ করবে কেন্দ্রীয় সরকার।

❑ যুব সমাজের দক্ষতা বিকাশে 'প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনা ৪.০' আনা হচ্ছে। দেশ জুড়ে আন্তর্জাতিক মানের ৩০টি দক্ষতা বিকাশ কেন্দ্র হবে।

❑ শিশুশিক্ষায় ডিজিটাল লাইব্রেরির ওপর জোর।

❑ দেশ জুড়ে ১৫৭টি নার্সিং কলেজ তৈরি হবে।

❑ ওষুধ উৎপাদনে গবেষণায় জোর।

❑ কৃষকদের উন্নয়নের স্বার্থে ৬৩ হাজার প্রাথমিক কৃষি ক্রেডিট সোসাইটিকে কম্পিউটারাইজড করা হবে। তৈরি হবে ডেটাবেস।

❑ হস্তশিল্পীদের জন্য 'পিএম বিকাশ' নামে নতুন প্রকল্প আনা হবে। এর ফলে হস্তশিল্পের সঙ্গে যুক্ত মানুষজন অর্থনৈতিকভাবে উপকৃত হবেন।

❑ প্রধানমন্ত্রী গরিব কল্যাণ অন্ন যোজনায় অন্ত্যোদয় প্রকল্পে ২০২৪ সাল পর্যন্ত বিনামূল্যে রেশন।

❑ 'গোবর্ধন প্রকল্প'এর আওতায় ৫০টি নতুন 'বর্জ্য থেকে সম্পদ' প্রকল্প তৈরি হবে। এতে ১০ হাজার কোটি টাকা বিনিয়োগ করবে কেন্দ্রীয় সরকার।

❑ ভারতকে আন্তর্জাতিক 'শ্রী অন্ন' ভাণ্ডার তৈরি করতে, হায়দরাবাদের 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ মিলেট রিসার্চ'কে সাহায্য করবে কেন্দ্রীয় সরকার।

❑ উচ্চমূল্যের হর্টিকালচার ফসল উৎপাদনের জন্য ২,২০০ কোটি টাকার আত্মনির্ভর ক্লিন প্ল্যান্ট প্রোগ্রাম।

❑ চিরস্থায়ী উন্নয়নের পথে অর্থনীতিকে এগিয়ে নিয়ে যেতে ৪ হাজার মেগাওয়াট প্রতি ঘণ্টা ক্ষমতার ব্যাটারি এনার্জি ব্যবস্থা গড়ে তোলা হবে।

❑ অতি ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প সংস্থাগুলির জন্য ক্রেডিট গ্যারান্টি প্রকল্প চালিয়ে যাওয়ার ঘোষণা করল কেন্দ্রীয় সরকার। এই খাতে অতিরিক্ত ৯ হাজার কোটি টাকা দেওয়া হবে।

❑ স্টার্টআপ সংস্থাগুলির জন্য ট্যাক্স হলিডে সম্প্রসারণ করার প্রস্তাব দেওয়া হয়েছে। স্টার্টআপ ইন্ডিয়া প্রকল্পের আওতায় এই সুবিধা দেবে কেন্দ্র।

❑ শহরাঞ্চল পরিকাঠামো উন্নয়ন তহবিল স্থাপন করা হবে। টায়ার ২ ও টায়ার ৩ শহরগুলির পরিকাঠামোর উন্নয়নে এই তহবিল ব্যবহার করা হবে।

